( হে ) সুব্রত! যেন ভূতানাং যঃ চ আময়ঃ জায়তে, তৎ এব দ্রব্যং ( তম্ ) আময়ং ন হি পুনাতি, ( কিন্তু ) চিকিৎসিতং ( সৎ পুনাতি ) ॥ ৩৩ ॥

এবং নৃণাং সর্ব্বে ক্রিয়াযোগাঃ সংসৃতিহেতবঃ। তে এব পরে কল্পিতাঃ ( সন্তঃ ) আত্ম-বিনাশায় কল্পন্তে ॥ ৩৪ ॥

[ শ্রীধরস্বামী। ]

নন্থ সংসারহেতোঃ কর্ম্মণঃ কথং তাপত্রয়নিবর্ত্তকত্বং সামগ্রীভেদেন ঘটত ইতি সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাম্। যশ্চাময়ঃ রোগঃ যেন ঘৃতাদিনা জায়তে তদেব কেবলমাময়কারণভূতং দ্রব্যং তম্ আময়ং ন পুনাতি ন নিবর্ত্তয়তীত্যর্থঃ কিন্তু চিকিৎসিতং দ্রব্যান্তরৈর্ভাবিতং সৎ পুনাত্যেব যথা ॥ ৩৩ ॥

[ চূর্ণিকা। ]

যথা রোগজনকং দ্রব্যং দ্রব্যান্তরমিশ্রিতং সৎ রোগনাশকং ভবতি ॥ ৩৩ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

জিজ্ঞাসা জনিষ্যতে বেতি বিভাব নৈরপেক্ষার্থং ভঙ্গ্যা জ্ঞাপিতমিত্যাহ এতদিতি। সংসূচিতং ন তু সাক্ষাদুক্তং মৎপ্রয়োজনাভাবাদিতি ভাবঃ। কিন্তৎ তাপত্রয়স্যাধ্যাত্মিকাদেঃ চিকিৎসিতং ভেষজং নিবর্ত্তকম্। তদেব কিং যৎ স্বস্বভাবানুসারেণ ঈশ্বরে পরমাত্মনি বা ভগবতি ষড়ৈশ্বর্য্যবতি বা ব্রহ্মণি তদীয়-নির্বিশেষস্বরূপে বা কর্ম্ম ভাবিতং সমর্পিতম্ ॥ ৩২ ॥

নন্থ সংসারহেতোঃ কর্ম্মণঃ কথং তাপত্রয়নিবর্ত্তকত্বম্। সত্যম্। সামগ্রীভেদেন ঘটত ইতি সদৃষ্টান্তমাহ দ্বাভ্যাম্। য আময়ো রোগঃ যেন ঘৃতাদিনা জায়তে তদেব ঘৃতাদি দ্রব্যং চিকিৎসিতমৌষধান্তরবাসিতং সৎ আময়ং ন পুনাতি ন রক্ষতি নাশয়তীতি যাবৎ পুনাতিরত্র রক্ষণার্থকো জ্ঞেয়ঃ ॥ ৩৩ ॥

সুব্রত! যে দ্রব্য হইতে যে রোগ উৎপন্ন হয়, তাহা কেবল সেই দ্রব্য সেবনেই উপশমিত হইতে পারে না; কিন্তু ঐ রোগজনক দ্রব্যই আবার দ্রব্যান্তরসহযোগে প্রযুক্ত হইলে, উহা সেই রোগের শান্তিবিধান করিয়া থাকে ॥ ৩৩ ॥

যদত্র ক্রিয়তে কর্ম্ম ভগবৎপরিতোষণম্।
জ্ঞানং যত্তদধীনং হি ভক্তিযোগসমন্বিতম্ ॥ ৩৫ ॥

অত্র ভগবৎপরিতোষণং যৎ কর্ম্ম ক্রিয়তে, ভক্তিযোগসমন্বিতং যৎ জ্ঞানং, ( তৎ ) তদধীনং হি ॥ ৩৫ ॥

[ শ্রীধরস্বামী : ]

আত্মবিনাশায় কর্ম্মনিবৃত্তয়ে কল্পন্তে সমর্থা ভবন্তি। পরে ঈশ্বরে কল্পিতা অর্পিতাঃ সন্তঃ। অত্র চ প্রথমং মহৎসেবা ততস্তৎকৃপা ততস্তদ্ধর্ম্মশ্রদ্ধা ততো ভগবৎকথাশ্রবণং ততো ভগবতি রতিঃ তয়া চ দেহদ্বয়বিবেকাত্মজ্ঞানং ততো দৃঢ়া ভক্তিঃ ততো ভগবত্তত্বজ্ঞানং ততস্তৎকৃপয়া সর্ব্বজ্ঞত্বাদিভগবদ্গুণাবির্ভাবঃ ইতি ক্রমো দর্শিতঃ ॥ ৩৪ ॥

[ চূর্ণিকা। ]

এবঞ্চ কর্ম্মাপি ভগবদর্পিতং সৎ কর্ম্মনাশায় ভবতি ॥ ৩৪ ॥

[ শ্রীজীবগোস্বামী। ]

এবমিতি। আত্মশব্দোঽত্র কর্ম্মজাতিপরঃ ॥ ৩৪ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

ক্রিয়াযোগাঃ কর্ম্মযোগাঃ সর্ব্বে নিত্যাঃ কাম্যাঃ নৈমিত্তিকাশ্চ নিষ্কামাঃ পরমেশ্বরে কল্পিতাঃ সমর্পিতাঃ সন্তঃ আত্মবিনাশায় কর্ম্মনিবৃত্তয়ে কল্পন্তে সমর্থা ভবন্তি ॥ ৩৪ ॥

---

এইরূপে, কর্ম্মযোগমাত্রই সংসারপ্রাপ্তির কারণ; কিন্তু ভগবানে অর্পিত হইলে, ঐ কর্ম্মই আবার কর্ম্মবিনাশে সমর্থ হইয়া থাকে ॥ ৩৪ ॥

( যদি বল, কর্ম্ম অজ্ঞানের কার্য্য, সুতরাং জ্ঞান দ্বারাই সেই কর্ম্মের নাশ হইবে; ঐ জ্ঞান আবার ভক্তিযোগ হইতেই সমুৎপন্ন হইয়া থাকে; অতএব কর্ম্ম দ্বারা কর্ম্মের নাশ কিরূপে সম্ভব হইতে পারে? এ আশঙ্কা উত্থাপিত হইতে পারে না; কারণ, আমি সাধারণ কর্ম্মের উল্লেখ না করিয়া ঈশ্বরে সমর্পিত কর্ম্মের কথাই বলিয়াছি। ) ভগবানের পরিতুষ্টির নিমিত্ত যে কর্ম্ম অনুষ্ঠিত হয়, ভক্তিযোগ-সমন্বিত যে

কুর্ব্বাণা যত্র কর্ম্মাণি ভগবচ্ছিক্ষয়াসকৃৎ।

গৃণন্তি গুণনামানি কৃষ্ণস্যানুস্মরন্তি চ॥ ৩৬॥

যত্র (যদা) ভগবচ্ছিক্ষয়া কর্ম্মাণি কুর্ব্বাণাঃ (ভবন্তি), (তদা) কৃষ্ণস্য গুণনামানি অসকৃৎ গৃণন্তি, (কৃষ্ণম্) অনুস্মরন্তি চ॥ ৩৬॥

[শ্রীধরস্বামী।]

নমু চ জ্ঞানেনাজ্ঞানপ্রাপ্তকর্ম্মনাশঃ তচ্চ জ্ঞানং ভক্তিযোগাদ্ভবতি কথং কর্ম্মণা কর্ম্মনাশঃ স্যাৎ তত্রাহ যদিতি॥ ৩৫॥

[দীপনী।]

যদিতীতি। অত্র কর্ম্মভূমৌ ভগবদর্পণেন ভগবৎপরিতোষণং ভগবৎপ্রীতিকরং যৎ কর্ম্ম ক্রিয়তে যদ্ভক্তিযোগসমন্বিতং জ্ঞানং তৎ তদধীনং তস্য কর্ম্মণঃ অধীনং হীত্যর্থঃ॥ ৩৫—৩৭॥

[চূর্ণিকা।]

অপিচ ভগবত্তোষকারকং কর্ম্ম যৎ ক্রিয়তে তৎ ভক্তিযোগযুক্তং জ্ঞানং জনয়তি॥ ৩৫॥

[শ্রীজীবগোস্বামী।]

অথ ভগবৎপরিতোষণাত্মকস্য তস্য মাহাত্ম্যং বিশেষত আহ যদত্রেতি। ভক্তিযোগঃ কীর্ত্তনস্মরণাদিরূপঃ তৎসমন্বিতং তেন সমবেতং যজ্জ্ঞানং ভাগবতং তদপি তদধীনং তদব্যভিচারিফলমিত্যর্থঃ॥ ৩৫॥

[শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।]

তদেবেশ্বরার্পিতং কর্ম্ম সত্ত্বশোধকত্বাৎ জ্ঞানসাধনং ভবতীত্যাহ। ভগবদর্পিতত্বাৎ ভগবৎপরিতোষণং নিষ্কামং যৎ কর্ম্ম তদধীনং জ্ঞানং তজ্জন্যত্বাদিত্যর্থঃ।

জ্ঞান, তাহা তাহারই অধীন। (জ্ঞানকে ভক্তিযোগ-সমন্বিত বলিবার অভিপ্রায় এই যে, যে জ্ঞানের সহিত ভক্তিযোগের কোন সম্পর্ক নাই, তাহা নিষ্ফল, তাহা কর্ম্মনাশে বা মোক্ষ-সাধনে সমর্থ নহে।)॥ ৩৫॥

এই নিমিত্তই, কর্ম্মযোগসম্বন্ধে সাক্ষাৎ ভগবান যে শিক্ষা দিয়া গিয়াছেন, সদাচার-পরায়ণ জনগণ যখন তদনুসারে কর্ম্ম করিতে থাকেন, তখনই তাঁহারা বারংবার সেই ভগবান শ্রীকৃষ্ণের নাম ও গুণ-পরম্পরা কীর্ত্তনে প্রবৃত্ত হয়েন এবং নিরন্তর তাঁহাকে স্মরণ করিয়া থাকেন॥ ৩৬॥

[ শ্রীধরস্বামী। ]

ভগবদর্পণেন ক্রিয়মাণং কর্ম্ম ভক্তিযোগং জনয়তীতি সদাচারেণ দর্শয়তি কুর্ব্বাণা ইতি। যত্র যদা ভগবতঃ শিক্ষয়া কর্ম্মাণি কুর্ব্বাণা ভবন্তি তদা শ্রীকৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি অনুস্মরন্তি চ কৃষ্ণমিত্যর্থঃ। ইয়ং হি ভগবচ্ছিক্ষা—যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যৎ তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণমিতি ॥ ৩৬ ॥

---

[ চূর্ণিকা। ]

যদা ভগবচ্ছিক্ষয়া কর্ম্মাণি কুর্ব্বন্তি তদা শ্রীকৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি স্মরন্তি চ ॥ ৩৬ ॥

---

[ শ্রীজীবগোস্বামী। ]

কথং তত্রাহ কুর্ব্বাণা ইতি। ভগবচ্ছিক্ষয়া যৎ করোষি যদশ্নাসীত্যাদিকয়া যত্র ভগবৎসন্তোষণে নিমিত্তে কর্ম্মাণ্যপি কুর্ব্বাণাস্তাদৃশরুচিস্বাভাব্যেনাসকৃৎ গৃণন্তীত্যাদি। শ্রীশৌনকাদিবদিতি ভাবঃ ॥ ৩৬ ॥

---

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

কীদৃশং যদ্ভক্তিযোগসমন্বিতম্। অন্যস্য ভক্তিরহিতস্য জ্ঞানস্য তু মোক্ষসাধকত্বাশক্তেঃ নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জিতমিত্যাদিনা তিরস্কার এব দৃষ্টঃ ॥ ৩৫ ॥

এবং ভক্তিমিশ্রেণ কর্ম্মণা ভক্তিমিশ্রং জ্ঞানং মোক্ষসাধনং ভবতীতি উক্তম্। ইদানীং ভক্তিমিশ্রনিষ্কামকর্ম্মবতাং তাদৃশভক্তসঙ্গভাগ্যেন কেষাঞ্চিৎ কদাচিৎ কর্ম্মমিশ্রা ভক্তিরপি ভবেদিত্যাহ কুর্ব্বাণা ইতি। যত্র ভক্তিমিশ্রকর্ম্মণি স্থিতা অকস্মাদ্ভক্তসঙ্গভাগ্যেন ভগবচ্ছিক্ষয়া কর্ম্মাণি কুর্ব্বাণাঃ সন্তঃ কেচিৎ কৃষ্ণস্য গুণনামানি গৃণন্তি স্মরন্তি চ কীর্ত্তনস্মরণাদ্যাত্মিকাং ভক্তিং কুর্ব্বন্তীত্যর্থঃ। ভগবচ্ছিক্ষা চেয়ম্—যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণমিতি। শিক্ষায়াশ্চাস্যা ভক্তিপ্রকরণপঠিতত্বাৎ ন কর্ম্মিবিষয়তয়া ব্যাখ্যা যুক্তা। কর্ম্মিণো হি কর্ম্মবৈফল্যাভাবার্থং বৈদিকমেব কর্ম্মার্পয়ন্তি। ভক্তাস্তু ভগবৎস্বামিকত্বেনৈবাত্মানং জানন্তঃ স্বকর্ত্তব্যং বৈদিকং লৌকিকং দৈহিকঞ্চ কর্ম্ম স্বপ্রভুপ্রবর্ত্তমানং প্রতিযন্তঃ সর্ব্বমেব তস্মিন্ সমর্পয়ন্তীতি মহান্ ভেদঃ। অতএবাত্র যদশ্নাসীত্যুপন্যস্তম্। এবমেব তত্র শ্রীরামানুজাচার্য্যচরণৈরপি ব্যাখ্যাতম্। অত্র কুর্ব্বাণা ইতি বর্ত্তমাননির্দ্দেশাৎ ভক্তিং কুর্ব্বন্তীত্যাখ্যাতক্রিয়ায়া মুখ্যত্বাচ্চেয়ং কর্ম্মযোগসহিতা ভক্তিরিত্যতো ভক্তেরস্যাঃ কর্ম্মমিশ্রতা জ্ঞেয়া কর্ম্মমিশ্রয়া ভক্ত্যা সাধ্যা জ্ঞানমিশ্রা তয়া চ সাধ্যা মুক্তিসহিতা ভগবদ্রতিঃ শান্তভক্তিনাম্নী আত্মারামাশ্চ মুনয় ইত্যাদের্জ্ঞেয়া ॥ ৩৬ ॥

ওঁ নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি।
প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ॥ ৩৭ ॥

ওঁ বাসুদেবায় প্রদ্যুম্নায় অনিরুদ্ধায় সঙ্কর্ষণায় চ ভগবতে তুভ্যং নমঃ নমঃ ধীমহি ॥ ৩৭ ॥

[ শ্রীধরস্বামী। ]

কীর্ত্তনস্মরণরূপভক্তিহেতুত্বমুক্তম্। জ্ঞানহেতুত্বমাহ দ্বাভ্যাম্। ওঁ নমঃ ইতি। নমো ধীমহি মনসা নমনং কুর্ব্বীমহি ॥ ৩৭ ॥

[ চূর্ণিকা। ]

ভক্তিহেতুত্বমুক্ত্বা জ্ঞানহেতুত্বমাহ। নমো ভগবতে তুভ্যং বাসুদেবায় ধীমহি। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় নমঃ সঙ্কর্ষণায় চ ॥ ৩৭ ॥

---

[ শ্রীজীবগোস্বামী। ]

অথ পঞ্চরাত্রবক্তুঃ শ্রীনারায়ণাদেতজ্জন্মনি লব্ধং সপ্রণবং মন্ত্রঞ্চোপদিশতি ওঁ নম ইতি। চতুর্ব্যূহাত্মকো ভগবানেবাত্র দেবতা। তত্র শ্রীবাসুদেবসঙ্কর্ষণৌ বামদক্ষিণয়োর্মধ্যতো জ্ঞেয়ৌ। প্রদ্যুম্নঃ সঙ্কর্ষণস্য দক্ষিণে। অনিরুদ্ধো বাসুদেবস্য বামে। সঙ্কর্ষণাদিক্রমবিপর্য্যয়েণ নির্দ্দেশস্তু শ্রীকৃষ্ণচতুর্ব্যূহত্বং বোধয়তি তৎপুত্রপৌত্রত্বেন প্রদ্যুম্নানিরুদ্ধয়োস্তন্নিকটপাঠাৎ ॥ ৩৭ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

তদেবং ভক্তিরহিতানাং জ্ঞানকর্ম্মাদীনাং নৈষ্কর্ম্ম্যেত্যাদিনা নিন্দয়া সর্ব্বথা হেয়ত্বমুক্ত্বা ত্যক্ত্বা স্বধর্ম্মমিত্যাদিশ্লোকত্রয্যা পরমোপাদেয়াং শুদ্ধাং নির্গুণাং ভক্তিং স্তুত্বা অহং পুরাতীতভবে ইত্যাদিশ্লোকষট্‌কেন তস্যা এব ভক্তেরাবির্ভাবপ্রকারং প্রেমপর্য্যন্তাং বৃদ্ধিঞ্চোক্ত্বা অধিকারিবিশেষে পুনরুপাদেয়ং ভক্তিমিশ্রং জ্ঞানং ততোঽধিকাং কর্ম্মমিশ্রাং ভক্তিঞ্চোক্ত্বা ইদানীং ব্রূয়ুঃ স্নিগ্ধস্য শিষ্যস্য গুরবো গুহ্যমপ্যুতেত্যুক্তেঃ শ্রীগুরুভ্যঃ প্রাপ্তং স্বমন্ত্রমপি তমুপদিদিক্ষুস্তত্র শ্রদ্ধামুৎপাদয়ন্নাহ দ্বাভ্যাম্। ওঁ নম ইতি। ত্রয়স্ত্রিংশদক্ষরাত্মকো মন্ত্রঃ। চতুর্ব্যূহাত্মকো ভগবানত্র দেবতা। সঙ্কর্ষণাদিক্রমবিপর্য্যয়েণ নির্দ্দেশস্তু শ্রীকৃষ্ণচতুর্ব্যূহত্বং বোধয়তি তৎপুত্রপৌত্রত্বেন প্রদ্যুম্নানিরুদ্ধয়োস্তন্নিকটপাঠাৎ। যদ্বা। প্রদ্যুম্নানিরুদ্ধসঙ্কর্ষণানাং ক্রমেণ সৃষ্টিস্থিতিসংহারকারণত্বাৎ তথোক্তিঃ। নমো ধীমহি নমস্কারং ধ্যায়েম মনসা নমনং কুর্ব্বীমহীত্যর্থঃ ॥ ৩৭ ॥

---

শ্রীকৃষ্ণ! তুমি বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ, এই চতুর্ব্যূহাত্মক; তুমি ওঁকারস্বরূপ; তুমি ভগবান; তোমাকে ধ্যান ও পুনঃপুন নমস্কার করি ॥ ৩৭ ॥

ইতি মূর্ত্ত্যভিধানেন মন্ত্রমূর্ত্তিমমূর্ত্তিকম্।
যজতে যজ্ঞপুরুষং স সম্যগ্দর্শনঃ পুমান্ ॥ ৩৮ ॥

(যঃ) ইতি মূর্ত্ত্যভিধানেন মন্ত্রমূর্ত্তিম্ অমূর্ত্তিকং যজ্ঞপুরুষং যজতে, স পুমান্ সম্যগ্দর্শনঃ (ভবতি) ॥ ৩৮ ॥

[শ্রীধরস্বামী।]

অমূর্ত্তিকং মন্ত্রোক্তব্যতিরিক্তমূর্ত্তিশূন্যম্। যজতে পূজয়তি। স পুমান্ সম্যগ্দর্শনো ভবতি ॥ ৩৮ ॥

[দীপনী।]

(মূর্ত্ত্যভিধানেনেতি। মূর্ত্তিবাচকেন মন্ত্রেণেত্যর্থঃ ॥ ৩৮—৪০ ॥)

[চূর্ণিকা।]

ইতি জপতঃ পুংসঃ সম্যক্ জ্ঞানং জায়তে ॥ ৩৮ ॥

[শ্রীজীবগোস্বামী।]

মন্ত্রমূর্ত্তিং তদুক্তমূর্ত্তিং তথাপ্যমূর্ত্তিকং প্রাকৃতমূর্ত্তিরহিতম্। যজ্ঞপুরুষং পূজায়াং ধ্যেয়াকারমিত্যর্থঃ। দর্শনস্য সম্যক্ত্বং শ্রীভগবদাবির্ভাবাৎ নতু ব্রহ্মদর্শনবৎ খিলত্বমিতি ॥ ৩৮ ॥

[শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।]

ইতি মূর্ত্তীনাং বাসুদেবাদীনাম্ অভিধানেন নামচতুষ্টয়েন যজতে পঞ্চরাত্রোক্তবিধিনা বাসুদেবায় নমঃ প্রদ্যুম্নায় নম ইত্যেবং ষোড়শোপচারৈর্যঃ পূজয়তে। মন্ত্রমূর্ত্তিং মন্ত্রধ্যানোক্তমূর্ত্তিং মন্ত্রেণৈব জপিতেনাবির্ভবতি মূর্ত্তিঃ শরীরং যস্যেতি বা। অমূর্ত্তিকং প্রাকৃতমূর্ত্তিরহিতম্ অকঠিনং কৃপার্দ্রমিতি বা। মূর্ত্তিঃ কাঠিন্যকায়য়োরিত্যমরঃ। যজ্ঞপুরুষং যজনীয়ং পুরুষম্। স সম্যগ্দর্শনঃ তং দৃষ্ট্বা অন্যেঽপি কৃতার্থা ভবন্তীত্যর্থঃ। যদ্বা দর্শনং জ্ঞানম্। যদ্বা দৃশ্যতে অনেনেতি দর্শনং শাস্ত্রং তদেব শাস্ত্রং ভক্তিপ্রতিপাদকংপঞ্চরাত্রাদি সম্যক্ ধন্যমাত্মপ্রসাদকত্বাৎ। নতু যেনৈবাসৌ ন তুষ্যেত মন্যে তদ্দর্শনং খিলমিত্যুক্তলক্ষণং ভক্তিরহিতং শাস্ত্রমিব খিলমিত্যর্থঃ। ততশ্চ কৃতবেদান্তদর্শনস্যাপি তবায়মাত্মা ন বৈ পরিতুষ্টঃ মম তু কৃতপঞ্চরাত্রশাস্ত্রস্যাত্মা সদা প্রসন্ন এবেতি ভাবঃ ॥ ৩৮ ॥

যিনি এইরূপে ঐ বাসুদেবাদি-মূর্ত্তি-বাচক মন্ত্র উচ্চারণ করিয়া, মন্ত্রময়মূর্ত্তি হইলেও প্রাকৃতমূর্ত্তিরহিত যজ্ঞপুরুষ ভগবানের যজনা করেন, সেই পুরুষই সম্যগ্দর্শী হয়েন ॥ ৩৮ ॥

ইমং স্বনিগমং ব্রহ্মন্নবেত্য মদনুষ্ঠিতম্।
অদান্মে জ্ঞানমৈশ্বর্য্যং স্বস্মিন্ ভাবঞ্চ কেশবঃ ॥ ৩৯ ॥
ত্বমপ্যদভ্রশ্রুত বিশ্রুতং বিভোঃ
সমাপ্যতে যেন বিদাং বুভুৎসিতম্।
প্রখ্যাহি দুঃখৈর্মুহুরর্দ্দিতাত্মনাং
সংক্লেশনির্ব্বাণমুশন্তি নান্যথা ॥ ৪০ ॥

(হে) ব্রহ্মন্! কেশবঃ ইমং স্বনিগমং মদনুষ্ঠিতম্ অবেত্য, মে (মহ্যং) জ্ঞানম্ ঐশ্বর্য্যং স্বস্মিন্ ভাবং চ অদাৎ ॥ ৩৯ ॥

(হে) অদভ্রশ্রুত! ত্বম্ অপি বিভোঃ বিশ্রুতং প্রখ্যাহি। যেন বিদাং বুভুৎসিতং সমাপ্যতে। (বিবেকিনঃ) দুঃখৈঃ মুহুঃ অর্দ্দিতাত্মনাং সংক্লেশনির্ব্বাণম্ অন্যথা ন উশন্তি ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং প্রথমস্কন্ধে ব্যাসনারদ-সংবাদে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

---

[ শ্রীধরস্বামী। ]

এবঞ্চ কৃতবতি ময়ি হরিঃ স্বসদৃশং জ্ঞানাদিকং দত্তবানিত্যাহ। ইমং স্বনিগমং স্বোপদেশং মদনুষ্ঠিতং ময়ানুষ্ঠিতম্ অবেত্য জ্ঞাত্বা। ভাবং প্রীতিঞ্চ ॥ ৩৯ ॥

[ চূর্ণিকা। ]

এবং ময়া স্বোপদেশমাচরিতং জ্ঞাত্বা কেশবো মহ্যং জ্ঞানং ভাবঞ্চ অদাৎ ॥ ৩৯ ॥

[ শ্রীজীবগোস্বামী। ]

স্বনিগমং নিজান্তরঙ্গপরমবেদরূপম্। প্রথমতো জ্ঞানং স্বানুভবং ততঃ ঐশ্বর্য্যং স্বাণিমাদিরূপং ততস্তত্রানাসক্তৌ ভাবং স্বমহাপ্রেমাণঞ্চ ॥ ৩৯ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

স্বনিগমং নিজান্তরঙ্গবেদোক্তম্। জ্ঞানং প্রথমতঃ স্বানুভবং তত ঐশ্বর্য্যং স্বাণিমাদিরূপং ততস্তত্র মমানাসক্তিমভিপ্রেত্য ভাবং স্বমহাপ্রেমাণঞ্চ অদাৎ। ততশ্চ মহ্যমপীমং মন্ত্রং কৃপয়োপদিশেতি প্রার্থিতেন শ্রীনারদেন ব্যাসস্তমেব মন্ত্রমুপদিষ্ট ইতি সুধীভির্বোদ্ধব্যম্ ॥ ৩৯ ॥

ব্রহ্মন! আমি ভগবান কেশবের অন্তরঙ্গ-পরম-বেদ-স্বরূপ এই উপদেশ অনুষ্ঠান করিয়াছি জানিয়া, তিনি আমাকে জ্ঞান, ঐশ্বর্য্য ও আপনার প্রতি প্রেম প্রদান করিয়াছিলেন ॥ ৩৯ ॥

[ শ্রীধরস্বামী। ]

অতস্ত্বমপ্যেবং কুর্ব্বিত্যাহ ত্বমিতি। অদভ্রং অনল্পং শ্রুতং যস্য হে অদভ্রশ্রুত বিভোর্বিশ্রুতং যশঃ প্রখ্যাহি কথয়। যেন বিশ্রুতেন বুদ্ধেন বিদাং বিদুষাং বুভুৎসিতং বোদ্ধুমিচ্ছা সমাপ্যতে তৎ। যতো দুঃখৈঃ পীড়িতাত্মনাং সংক্লেশ-শান্তিং প্রকারান্তরেণ ন মন্যন্তে ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতভাবার্থদীপিকায়াং প্রথমস্কন্ধে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

[ চূর্ণিকা। ]

হে ব্যাস বিভোর্যশঃ কথয়। যেন শ্রুতেন বিদুষাং বোদ্ধুম্ ইচ্ছা সমাপ্যতে। যতো দুঃখশান্তিঃ প্রকারান্তরেণ ন ভবতি ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতপ্রথমস্কন্ধচূর্ণিকায়াং পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

---

[ শ্রীজীবগোস্বামী। ]

যস্মাদেবং মম তদেতৎপর্য্যন্তং সর্ব্বং তদ্‌গুণশ্রবণনিদানকং তচ্ছ্রবণমেব তপআদীনাং পরমং ফলং তস্মাত্ত্বমপীতি ॥ ৪০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতপ্রথমস্কন্ধস্য শ্রীজীবগোস্বামিকৃতক্রমসন্দর্ভে পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

হে অদভ্রশ্রুত অনল্পবেদশাস্ত্র হে সর্ব্বজ্ঞেত্যর্থঃ বিভোর্বিশ্রুতং যশঃ প্রখ্যাহি কথয়। যেন বিশ্রুতেন বুদ্ধেন বিদাং বিদুষাং বুভুৎসিতং বোদ্ধুমিচ্ছা সমাপ্যতে তদ্‌যশোঽমৃতাস্বাদনিমগ্নানাং সদা তদেকভক্তিমতাং জ্ঞানায় স্পৃহৈব ন ভবেদিত্যর্থঃ। অন্যথা প্রকারান্তরেণ দুঃখৈঃ পীড়িতানাং জীবানাং ক্লেশ-শান্তিং ন উশন্তি ন মন্যন্তে বিবেকিনঃ ॥ ৪০ ॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্।
প্রথমে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥ ৫ ॥

---

বিপুল-জ্ঞান-সম্পন্ন মহর্ষে! যদ্দ্বারা জ্ঞানিগণের জ্ঞান-বাসনার পরিসমাপ্তি হয়, তুমিও বিভু ভগবানের সেই কীর্ত্তি-কথা কীর্ত্তন কর। যে সকল আত্মা বারংবার বিবিধ দুঃখে বিমর্দ্দিত হইতেছে, বিবেকিগণ শ্রীহরির যশঃকীর্ত্তন ব্যতি-রেকে অন্যপ্রকারে তাহাদিগের সেই দারুণ দুঃখের নির্ব্বাণ হয় বলিয়া মনে করেন না ॥ ৪০ ॥

ব্যাসনারদ-সংবাদ-নামক পঞ্চম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত।

# ষষ্ঠোঽধ্যায়ঃ।

সূত উবাচ।

এবং নিশম্য ভগবান্ দেবর্ষের্জন্ম কর্ম্ম চ।

ভূয়ঃ পপ্রচ্ছ তং ব্রহ্মন্ ব্যাসঃ সত্যবতীসুতঃ॥ ১॥

(হে) ব্রহ্মন্! সত্যবতীসুতঃ ভগবান্ ব্যাসঃ এবং দেবর্ষেঃ জন্ম কর্ম্ম চ নিশম্য ভূয়ঃ তং পপ্রচ্ছ॥ ১॥

---

[শ্রীধরস্বামী।]

ব্যাসস্য প্রত্যয়ার্থঞ্চ ষষ্ঠে প্রাগ্জন্মসম্ভবম্।
স্বভাগ্যং নারদঃ প্রাহ কৃষ্ণসঙ্কীর্ত্তনোদ্ভবম্॥ ০॥ ০॥ ১॥

[দীপনী।

॥ ১—৬॥

[চূর্ণিকা।]

সূত উবাচ।
এবং নারদস্য জন্মাদি নিশম্য ব্যাসঃ পপ্রচ্ছ॥ ১॥

[শ্রীজীবগোস্বামী।

বিশেষজ্ঞানার্থং ভূয়ঃ পপ্রচ্ছ॥ ১॥

[শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।]

ষষ্ঠে গত্বা বনং কৃষ্ণদর্শনং তদ্বচঃশ্রুতিঃ।
তদ্দত্তচিন্ময়তনোর্নারদেনাপ্তিরুচ্যতে॥ ০॥ ০॥ ১॥

---

ষষ্ঠ অধ্যায়ে, দেবর্ষি নারদ, ব্যাসদেবের বিশ্বাস উৎপাদনের নিমিত্ত আপনার পূর্ব্বজন্মসম্ভূত শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তন-জনিত সৌভাগ্যের বিষয় বর্ণনা করিতেছেন।

সূত বলিলেন, ব্রহ্মন! এইরূপে সত্যবতীনন্দন ভগবান ব্যাসদেব দেবর্ষির জন্ম-কর্ম্ম-বৃত্তান্ত শ্রবণ করিয়া পুনর্ব্বার তাঁহাকে জিজ্ঞাসা করিলেন॥ ১॥

ব্যাস উবাচ।

ভিক্ষুভির্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভিস্তব।
বর্ত্তমানো বয়স্যাদ্যে ততঃ কিমকরোদ্ভবান্ ॥ ২ ॥
স্বায়ম্ভুব কয়া বৃত্ত্যা বর্ত্তিতং তে পরং বয়ঃ।
কথং বেদমুদস্রাক্ষীঃ কালে প্রাপ্তে কলেবরম্ ॥ ৩ ॥

তব বিজ্ঞানাদেষ্টৃভিঃ ভিক্ষুভিঃ বিপ্রবসিতে ( সতি ) ততঃ ভবান্ আদ্যে বয়সি বর্ত্তমানঃ কিম্ অকরোৎ ? ॥ ২ ॥

( হে ) স্বায়ম্ভুব ! তে পরং বয়ঃ কয়া বৃত্ত্যা বর্ত্তিতং ? কালে প্রাপ্তে ইদং কলেবরং কথং বা উদস্রাক্ষীঃ ( উৎসৃষ্টবান্ অসি ) ? ॥ ৩ ॥

।]

স্বয়মপি তথা চিকীর্ষুর্গুরূপদেশানন্তরভাবি তচ্চরিতং পৃচ্ছতি ভিক্ষুভিরিতি ত্রিভিঃ। বিপ্রবসিতে দূরদেশগমনে কৃতে সতি। বিজ্ঞানস্যাদেষ্টৃভিঃ উপদেশকর্ত্তৃভিঃ ॥ ২ ॥

[ চূর্ণিকা। ]

ব্যাস উবাচ। ভিক্ষুষু গতেষু সৎস্থ ত্বং বালকঃ সন্ কিমকার্ষীঃ ॥ ২ ॥

[ শ্রীজীবগোস্বামী। ]

ভিক্ষুভির্বিপ্রবসিতে ভিক্ষূণাং বিশেষেণ প্রবাসে জাতে সতীত্যর্থঃ ॥ ২ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

বিপ্রবসিতে তস্মাৎ প্রবাসতো বিচ্যুতে সংপ্রসারণাভাব আর্ষঃ। কিমকরোদিতি ত্বচ্ছিষ্যোঽহমপি তথা চিকীর্ষামীতি ভাবঃ ॥ ২ ॥

---

ব্যাস কহিলেন, প্রভো! আপনার বিজ্ঞানোপদেষ্টা পরিব্রাজকগণ দূরদেশে গমন করিলে, তাহার পর আপনার বাল্যাবস্থায় আপনি কি করিয়াছিলেন ? ॥ ২ ॥

স্বয়ম্ভুনন্দন ! আপনার পরজীবনই বা কি কার্য্যে অতিবাহিত হইয়াছিল ? আর কাল উপস্থিত হইলে এই দাসীগর্ভজাত দেহই বা আপনি কিরূপে পরিত্যাগ করিয়াছিলেন ? ॥ ৩ ॥

প্রাক্‌কল্পবিষয়ামেতাং স্মৃতিং তে মুনিসত্তম।
ন হ্যেষ ব্যবধাৎ কাল এষ সর্ব্বনিরাকৃতিঃ ॥ ৪ ॥

নারদ উবাচ।

ভিক্ষুভির্বিপ্রবসিতে বিজ্ঞানাদেষ্টৃভির্ম্মম।
বর্ত্তমানো বয়স্যাদ্যে তত এতদকারষম্ ॥ ৫ ॥

( হে ) মুনিসত্তম ! এষঃ কালঃ ( কথং ) তে প্রাক্[illegible]বি[illegible]য়াম্ এতাং স্মৃতিং ন হি ব্যবধাৎ? ( যতঃ ) এষঃ সর্ব্বনিরাকৃতিঃ ॥ ৪ ॥

মম বিজ্ঞানাদেষ্টৃভিঃ ভিক্ষুভিঃ বিপ্রবসিতে, আদ্যে বয়সি বর্ত্তমানঃ ( অহং ) ততঃ এতৎ অকারষম্ ( অকার্ষম্ ) ॥ ৫ ॥

[illegible] ।]

হে স্বায়ম্ভুব তে ত্বয়া পরং বয়ঃ উত্তরমায়ুঃ ( কথং ) বর্ত্তিতং •নীতম্। ইদমিতি দাসীপুত্রভূতং কলেবরং ( কথম্ ) উদস্রাক্ষীঃ উৎসৃষ্টবানসি ॥ ৩ ॥

এষ কল্পান্তলক্ষণঃ কালঃ তে স্মৃতিং কথং ন ব্যবধাৎ ন খণ্ডিতবান্। অড়াগমাভাবস্ত্বার্ষঃ। হি যত এষ কালঃ সর্ব্বস্য নিরাকৃতিঃ অপলাপো যস্মাৎ সঃ ॥ ৪ ॥

[ চূর্ণিকা। ]

হে নারদ শেষং বয়ঃ কয়া বৃত্ত্যা নীতম্। কালে তচ্ছরীরং কথং ত্যক্তম্॥ ৩॥
কথং বা তে প্রাগ্‌জন্মস্মৃতিং সর্ব্ববিনাশকঃ কালঃ ন খণ্ডিতবান্ ॥ ৪ ॥

---

[ শ্রীজীবগোস্বামী। ]

ইদং সম্প্রতি বর্ণ্যমানম্ ॥ ৩ ॥ ৪ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥ ৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ ১২ ॥ ১৩ ॥ ১৪ ॥

---

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

ইদং দাসীপুত্রভূতং কলেবরং কথম্ উৎসৃষ্টবানসি ॥ ৩ ॥
ন ব্যবধাৎ ব্যবধায় ন খণ্ডিতবান্ অড়াগমাভাব আর্ষঃ। নিরাকৃতির্বিনাশঃ ॥৪॥

মুনিসত্তম ! আপনার জন্মান্তরীণ অবস্থা হইতে বর্ত্তমান অবস্থার মধ্যে কল্পকাল অতীত হইয়া গিয়াছে। এই কল্প-ব্যাপী কাল আপনার পূর্ব্বকল্প-বিষয়িণী স্মৃতির উপর কেনই বা ব্যবধান অর্পণ করিতে সমর্থ হয় নাই? এই কালের প্রভাবে ত সকলই বিলুপ্ত হইয়া যায় ! ॥ ৪ ॥

একাত্মজা মে জননী যোষিন্মূঢ়া চ কিঙ্করী।
ময্যাত্মজেঽনন্যগতৌ চক্রে স্নেহানুবন্ধনম্ ॥ ৬ ॥

একাত্মজা যোষিৎ মূঢ়া কিঙ্করী চ মে জননী অনন্যগতৌ আত্মজে ময়ি স্নেহানুবন্ধনং চক্রে ॥ ৬ ॥

[ শ্রীধরস্বামী। ]

অকারষং কৃতবানহম্। রেফষকারয়োর্বিশ্লেষশ্ছন্দোঽনুরোধেন ॥ ৫ ॥

তত্র তাবৎ কিঞ্চিৎ কালং তত্রৈব মাতৃস্নেহযন্ত্রিতো হ্যবসমিত্যাহ একেতি ত্রিভিঃ। এক এবাহমাত্মজো যস্যাঃ সা। যোষিদিতি মূঢ়েতি চ স্নেহানুবন্ধে হেতুঃ ॥ ৬ ॥

[ চূর্ণিকা। ]

নারদ উবাচ। মম বিজ্ঞানাদেষ্টৃভির্ভিক্ষুভির্গমনে কৃতে সতি আদ্যে বয়সি বর্ত্তমানোঽহমেতদকার্ষম্ ॥ ৫ ॥

মে মাতা অজ্ঞা ময়ি স্নেহং চক্রে ॥ ৬ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

অকারষমিতি রেফষকারবিশ্লেষঃ ছন্দোঽনুরোধেন। যদুক্তম্—মূর্দ্ধরেফা বিকল্প্যন্তে ছন্দোভঙ্গভয়াদিহেতি ॥ ৫ ॥

একোঽহমেবাত্মজো যস্যাঃ সা ॥ ৬ ॥

নারদ কহিলেন, আমার বিজ্ঞানোপদেষ্টা পরিব্রাজকগণ দেশান্তরে প্রস্থিত হইলে, আমি তাহার পর আমার বাল্যকালে এইরূপে জীবনযাত্রা নির্ব্বাহ করি ॥ ৫ ॥

একে নারীজাতি স্বভাবতই মোহের বশবর্ত্তিনী; তাহাতে আমিই আমার জননীর একমাত্র পুত্র; তাহাতে আবার তাঁহাকে পরিচারিকা-বৃত্তি অবলম্বন করিতে হইয়াছিল; আমারও আবার জননী ব্যতীত অন্য গতি ছিল না; সুতরাং জননী আমার প্রতি স্নেহজনিত-ব্যাকুলতা প্রকাশ করিতে লাগিলেন ॥ ৬ ॥

সাস্বতন্ত্রা ন কল্পাসীদ্যোগক্ষেমং মমেচ্ছতী।
ঈশস্য হি বশে লোকো যোষা দারুময়ী যথা ॥ ৭ ॥
অহঞ্চ তদ্ব্রহ্মকুলে ঊষিবাংস্তদপেক্ষয়া।
দিগ্‌দেশকালাব্যুৎপন্নো বালকঃ পঞ্চহায়নঃ ॥ ৮ ॥

সা অস্বতন্ত্রা, ( অতঃ ) মম যোগক্ষেমম্ ইচ্ছতী ( অপি তত্র ) কল্পা ন আসীৎ। ( যতঃ ) দারুময়ী যোষা যথা, ( তথা ) লোকঃ হি ঈশস্য বশে ( বর্ত্তমান৽ ) ॥ ৭ ॥

অহং দিগ্দেশকালাব্যুৎপন্নঃ পঞ্চহায়নঃ বালকঃ চ তদপেক্ষয়া তদ্ব্রহ্মকুলে উষিবান্ ॥ ৮ ॥

[ শ্রীধরস্বামী। ]

কিঙ্করীত্যস্যার্থং প্রপঞ্চয়তি সেতি। অস্বতন্ত্রা সা অতো ন কল্পা ন সমর্থা আসীৎ। দারুময়ী যোষেত্যতিপারবশ্যে দৃষ্টান্তঃ ॥ ৭ ॥

[ দীপনী। ]

( যোগক্ষেমম্ অলব্ধলাভলব্ধপরিরক্ষণরূপমিত্যর্থঃ ॥ ৭—১১ ॥ )

[ চূর্ণিকা। ]

মম ক্ষেমমিচ্ছন্তী সত্যসমর্থা চ আসীৎ ॥ ৭

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

অস্বতন্ত্রা অতো ন কল্পা ন সমর্থা ॥ ৭ ॥

আমার জননী দাসী ছিলেন বলিয়া কোন বিষয়েই তাঁহার স্বাতন্ত্র্য ছিল না; অতএব কোন বস্তু পাইলে কিরূপে তাহা রক্ষা করিবেন, আর না পাইলেই বা কিরূপে তাহা লাভ করিবেন, এইরূপে আমার যোগক্ষেম আকাঙ্ক্ষা করিলেও তাহা সম্পাদনে সমর্থা হইতেন না। বিশেষত দারুময়ী রমণীমূর্ত্তি যেমন কুহকীরই ইচ্ছাধীন, নিখিল লোকই সেইরূপ ঈশ্বরের বশবর্ত্তী ॥ ৭ ॥

ওদিকে মাতার ঐরূপ স্নেহানুবন্ধ, এদিকে আমিও তখন পঞ্চবর্ষবয়স্ক বালক মাত্র; দিক, দেশ, কাল, কাহাকে বলে, কিছুই জানিতাম না; সুতরাং কত দিনে মাতার সেই

একদা নির্গতাং গেহাদ্দুহন্তীং নিশি গাং পথি।
সর্পোঽদশৎ পদাস্পৃষ্টঃ কৃপণাং কালচোদিতঃ ॥ ৯ ॥
তদা তদহমীশস্য ভক্তানাং শমভীপ্সতঃ।
অনুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠং দিশমুত্তরাম্ ॥ ১০ ॥

একদা নিশি গাং দুহন্তীং গেহাৎ নির্গতাং কৃপণাং (জননীং) পথি কালচোদিতঃ সর্পঃ পদা আস্পৃষ্টঃ (সন্) অদশৎ ॥ ৯ ॥

তদা অহং তৎ (মরণং) ভক্তানাং শম্ অভীপ্সতঃ ঈশস্য অনুগ্রহং মন্যমানঃ উত্তরাং দিশং প্রাতিষ্ঠম্ ॥ ১০ ॥

[ শ্রীধরস্বামী। ]

তদেবং সা স্নেহশৃঙ্খলে অহঞ্চ দিগাদিষ্বনভিজ্ঞঃ অতস্তত্রৈব স্থবসমিত্যাহ। অহঞ্চ তস্মিন্ ব্রহ্মকুলে তস্য মাতুঃ স্নেহানুবন্ধস্যাপেক্ষয়া কদা বিরমেদিতি প্রতীক্ষয়েত্যর্থঃ উষিবান্ বাসং কৃতবান্। পঞ্চহায়নঃ পঞ্চবর্ষঃ ॥ ৮ ॥

গেহান্নির্গতাং গাং দুহন্তীং হেতৌ শতৃপ্রত্যয়ঃ দোগ্ধুং (দোহয়িতুং) নির্গতামিত্যর্থঃ। পদা পাদেন আস্পৃষ্টঃ ঈষদাক্রান্তঃ অদশৎ অখাদৎ ॥ ৯ ॥

[ চূর্ণিকা। ]

অহঞ্চ পঞ্চহায়নো বালস্তেষাম্ আশ্রমে আসম্ ॥ ৮ ॥

তত একদা মে মাতা গোদোহনার্থং বহির্গতা সতী সর্পেণ দষ্টা ততো মৃতা ॥ ৯ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

তদপেক্ষয়া তৎকর্ত্রীকা যা অপেক্ষা তয়া সা মাং ন ত্যজতীত্যহমপ্যবসমিত্যর্থঃ ॥ ৮ ॥

দুহন্তীং দোগ্ধুম্ ॥ ৯ ॥

স্নেহানুবন্ধের হস্ত হইতে নিস্তার পাইব, এই অপেক্ষায় আমি সেই ব্রাহ্মণ-পরিবারের মধ্যেই বাস করিতে লাগিলাম ॥ ৮ ॥

এইরূপে কিছুকাল অতীত হইলে একদা রজনীযোগে জননী গোদোহনার্থ গৃহ হইতে নিক্রান্ত হইয়াছেন, ইত্যবসরে কালপ্রেরিত এক সর্প পথিমধ্যে তাঁহার চরণ দ্বারা ঈষৎ আহত হইয়া তাঁহাকে দংশন করিল;—দীনদশাপন্না জননী ইহলোক পরিত্যাগ করিলেন ॥ ৯ ॥

স্ফীতান্ জনপদাংস্তত্র পুরগ্রামব্রজাকরান্।
খেটখর্ব্বটবাটীশ্চ বনান্যুপবনানি চ ॥ ১১ ॥
চিত্রধাতুবিচিত্রাদ্রীনিভভগ্নভুজদ্রুমান্।
জলাশয়াঞ্ছিবজলান্নলিনীঃ সুরসেবিতাঃ ॥ ১২ ॥
চিত্রস্বনৈঃ পত্ররথৈর্বিভ্রমদ্ভ্রমরশ্রিয়ঃ।
নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরম্ ॥ ১৩ ॥
এক এবাতিযাতোঽহমদ্রাক্ষং বিপিনং মহৎ।
ঘোরং প্রতিভয়াকারং ব্যালোলূকশিবাজিরম্ ॥ ১৪ ॥

তত্র ( তস্যাং দিশি ) স্ফীতান্ জনপদান্, পুরগ্রামব্রজাকরান্, খেটখর্ব্বটবাটীঃ চ, বনানি উপবনানি চ, ইভভগ্নভুজদ্রুমান্ চিত্রধাতুবিচিত্রাদ্রীন্, শিবজলান্ জলাশয়ান্, চিত্রস্বনৈঃ পত্ররথৈঃ ( পক্ষিভিঃ ) বিভ্রমদ্ভ্রমরশ্রিয়ঃ সুরসেবিতাঃ নলিনীঃ (চ), একঃ এব অতিযাতঃ ( সন্ ) অহং নলবেণুশরস্তম্বকুশকীচকগহ্বরং ঘোরং প্রতিভয়াকারং ব্যালোলূকশিবাজিরং মহৎ বিপিনম্ অদ্রাক্ষম্ ॥ ১১—১৪ ॥

---

[ শ্রীধরস্বামী। ]

তং মাতুর্মরণম্। শং কল্যাণমভীপ্সতঃ ঈশস্যানুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠং প্রস্থিতোঽস্মি ॥ ১০ ॥

---

[ চূর্ণিকা। ]

ততঃ হরেঃ স এবানুগ্রহ ইতি মন্যমানোঽহমুত্তরাং দিশমগচ্ছম্ ॥ ১০ ॥

---

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

তন্মাতুর্মরণম্ ঈশস্য মষ্যনুগ্রহং মন্যমানঃ প্রাতিষ্ঠম্ অকৃততৎসাম্পরায়িক-বিধিরেব গতবান্ পরস্মৈপদমার্ষম্ ॥ ১০ ॥

---

আমিও তখন মাতার সেই মৃত্যু-ঘটনাকে ভক্তগণের মঙ্গলাকাঙ্ক্ষী ভগবানের অনুগ্রহ মনে করিতে করিতে উত্তর দিকে প্রস্থান করিলাম ॥ ১০ ॥

সেই উত্তরদিকে যাইতে যাইতে সুসমৃদ্ধ কত জনপদ, রাজধানী, গ্রাম, গোষ্ঠ, রত্নাদির আকর, কৃষকদিগের গ্রাম,

[ শ্রীধরস্বামী। ]

স্ফীতান্ জনপদাদীনভিযাতঃ সন্ মহদ্বিপিনমদ্রাক্ষমিতি চতুর্থেনান্বয়ঃ। জনপদাদিষু নানাগুণদোষযুক্তেষু সমদৃষ্টিঃ সন্ গতোঽহমিতি তাৎপর্য্যার্থঃ। স্ফীতান্ সমৃদ্ধান্ জনপদান্ দেশান্। তত্র তস্যাং দিশি। পুরগ্রামব্রজাকরান্ তত্র পুরাণি রাজধান্যঃ। গ্রামা ভৃগুপ্রোক্তাঃ—বিপ্রাশ্চ বিপ্রভৃত্যাশ্চ যত্র চৈব বসন্তি তে। স তু গ্রাম ইতি প্রোক্তঃ শূদ্রাণাং বাস এব চেতি। ব্রজা গোকুলানি। আকরা রত্নাদ্যুৎপত্তিস্থানানি তান্। খেটাঃ কর্ষকগ্রামাঃ। খর্ব্বটাঃ গিরিতটগ্রামাঃ ভৃগুপ্রোক্তা বা—একতো যত্র তু গ্রামো নগরঞ্চৈকতঃ স্থিতম্। মিশ্রন্তু খর্ব্বটং নাম নদীগিরিসমাশ্রয়মিতি। বাট্যঃ পূগপুষ্পাদীনাং বাটিকাস্তাঃ। বনানি স্বতঃসিদ্ধবৃক্ষাণাং সমূহাঃ। উপবনানি রোপিতবৃক্ষাণাং সমূহাঃ তানি চ॥ ১১॥

চিত্রৈর্ধাতুভিঃ সুবর্ণরজতাদ্যৈঃ বিচিত্রানদ্রীংশ্চ। ইভৈর্ভগ্না ভুজাঃ শাখা যেষাং তে দ্রুমা যেষু তান্। শিবানি ভদ্রাণি জলানি যেষাং তান্। নলিনীঃ সরসীঃ॥ ১২॥

চিত্রাঃ স্বনা যেষাং তৈঃ পত্ররথৈঃ পক্ষিভিঃ তন্নাদপ্রবুদ্ধৈরিতস্ততো বিভ্রমদ্ভির্ভ্রমরৈঃ শ্রীঃ শোভা যাসাং তাঃ নলিনীঃ অতিযাতঃ অতিক্রম্য গতঃ সন্ মহদ্বিপিনং বনমদ্রাক্ষম্। কীদৃশং নলবেণুশরস্তম্বৈঃ কুশৈঃ কীচকৈশ্চ গহ্বরং দুর্গমম্। তত্র বেণুজাতয় এব বিপুলান্তরালগর্ত্তাঃ কীচকাঃ। ঘোরং দুঃসহম্। প্রতিভয়াকারং ভয়ঙ্কররূপম্। ব্যালাদীনামজিরং ক্রীড়াস্থানম্॥ ১৩॥ ১৪॥

---

গিরিতট-সংস্থিত গ্রাম ও পূগপুষ্পাদিবাটিকা, বন ও উপবন, করিকরে ভগ্নবিটপ বিবিধ পাদপে পরিশোভিত ও সুবর্ণ-রজতাদি বিচিত্র ধাতুরাগে রঞ্জিত পর্ব্বতমালা, স্বচ্ছ সুমিষ্ট ও স্বাস্থ্যকর সলিলে পরিপূর্ণ জলাশয় এবং বিচিত্রস্বরসম্পন্ন বিহঙ্গকুলের কলনাদে প্রবুদ্ধ ইতস্ততঃ-সঞ্চরণশীল মধুকর-নিকরে পরম শোভাময় সুরসেবিত সরোবর, একাকীই অতিক্রম করিয়া পরিশেষে আমি এক অতিদুঃসহ ও ভয়ঙ্কর-মূর্ত্তি বিশাল অরণ্য অবলোকন করিলাম। ঐ অরণ্য নল, বেণু, শর, তৃণগুচ্ছ ও কীচকাদি দ্বারা একান্ত দুর্গম এবং উহা সিংহশার্দ্দূলাদি শ্বাপদ, ভুজঙ্গ, পেচক ও শৃগালকুলের ক্রীড়াভূমি॥ ১১॥ ১২॥ ১৩॥ ১৪॥

পরিশ্রান্তেন্দ্রিয়াত্মাহং তৃট্পরীতো বুভুক্ষিতঃ।
স্নাত্বা পীত্বা হ্রদে নদ্যা উপস্পৃষ্টো গতশ্রমঃ॥ ১৫॥

পরিশ্রান্তেন্দ্রিয়াত্মা তৃট্পরীতঃ বুভুক্ষিতঃ অহং নদ্যাঃ হ্রদে স্নাত্বা পীত্বা উপস্পৃষ্টঃ গতশ্রমঃ )॥ ১৫॥

[দীপনী।]

নলিনীঃ পদ্মযুক্তদেশাঃ কুমুদিন্যাং নলিন্যান্তু বিসিনী পদ্মিনীমুখা ইত্যমরকোষাভিধানাৎ তানিত্যর্থঃ। অতএব তস্যার্থঃ সরসীরিতি স্বামী। তত্র সরসীঃ সরোবরান্ বৃহজ্জলাশয়ানিতি যাবৎ॥ ১২॥

কীচকাঃ সচ্ছিদ্রবংশাঃ। তথাচ রঘৌ—স কীচকৈর্ম্মারুতপূর্ণরন্ধ্রৈঃ কূজদ্ভিরাপাদিতবংশকীর্ত্ত্যমিতি॥ ১৩—১৭॥

[চূর্ণিকা।]

তত্র জনপদপুরগ্রামব্রজাকরখেটখর্ব্বটবাটীবনোপবনানি॥ ১১॥

চিত্রধাতুবিচিত্রাদ্রীন্ শিবজলান্ সরোবরাদীন্॥ ১২॥

অতীত্য নলবেণুশরস্তম্বাদিভির্ব্যালোলূকশিবাভিশ্চ ঘোরং বনমেক এবাহং বুভুক্ষিতঃ সন্ বিবেশ॥ ১৩॥ ১৪॥

[শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।]

জনপদাদীনতিযাতঃ সন্ মহদ্বিপিনমদ্রাক্ষমিতি চতুর্থেনান্বয়ঃ। তত্র পুরাণি রাজধান্যঃ। গ্রামা ভৃগুপ্রোক্তাঃ—বিপ্রাশ্চ বিপ্রভৃত্যাশ্চ যত্র চৈব বসন্তি তে। স তু গ্রাম ইতি প্রোক্তঃ শূদ্রাণাং বাস এব চেতি। ব্রজা গোকুলানি। আকরা রত্নাদ্যুৎপত্তিস্থানানি। খেটাঃ কর্ষকগ্রামাঃ। খর্ব্বটা গিরিতটগ্রামাঃ ভৃগুপ্রোক্তা বা—একতো যত্র তু গ্রামো নগরঞ্চৈকতঃ স্থিতম্। মিশ্রন্তু খর্ব্বটং নাম নদীগিরিসমাশ্রয়মিতি। বাট্যঃ পূগপুষ্পবাটিকাঃ। বনানি স্বতঃসিদ্ধবৃক্ষসমূহাঃ। উপবনানি রোপিতবৃক্ষসংঘাঃ॥ ১১॥

চিত্রৈর্ধাতুভিঃ সুবর্ণরজতাদ্যৈর্বিচিত্রান্ অদ্রীন্। ইভৈর্ভগ্না ভুজাঃ শাখা যেষাং তে দ্রুমা যেষু তান্। নলিনীঃ সরসীঃ॥ ১২॥

কীদৃশীঃ পত্ররথৈঃ পক্ষিভির্হেতুভূতৈর্বিভ্রমদ্ভিঃ প্রবুদ্ধা ইতস্ততশ্চলদ্ভির্ভ্রমরৈঃ শ্রীঃ শোভা যাসাং তাঃ অতিযাতঃ অতিক্রম্য যাতঃ সন্ নলাদিভির্গহ্বরং বিপিনমদ্রাক্ষমিত্যন্বয়ঃ। গুল্মো গুচ্ছস্তৃণাদিনঃ। বেণবঃ কীচকাস্তে স্যুর্যে স্বনন্ত্যনিলোদ্ধতা ইত্যমরঃ। ঘোরং দুষ্প্রেক্ষ্যম্। যতঃ প্রতিভয়াকারং ভয়ঙ্কররূপম্। ব্যালাদীনাম্ অজিরং ক্রীড়াস্থানম্। তেষু তেষু বহুবিস্ময়াস্পদেষু ভীত্যাস্পদেষু

তস্মিন্নির্ম্মনুজেঽরণ্যে পিপ্পলোপস্থ আশ্রিতঃ।
আত্মনাত্মানমাত্মস্থং যথাশ্রুতমচিন্তয়ম্ ॥ ১৬ ॥

নির্ম্মনুজে তস্মিন্ অরণ্যে পিপ্পলোপস্থে আশ্রিতঃ আত্মনা আত্মস্থম্ আত্মানং যথাশ্রুতম্ অচিন্তয়ম্ ॥ ১৬ ॥

[ শ্রীধরস্বামী। ]

পরিশ্রান্তানীন্দ্রিয়াণি আত্মা দেহশ্চ যস্য। তৃষা পরীতো ব্যাপ্তঃ। উপস্পৃষ্ট আচান্তঃ ॥ ১৫ ॥

পিপ্পলোপস্থে অশ্বত্থমূলে আশ্রিতঃ উপবিষ্টঃ। আত্মনা বুদ্ধ্যা আত্মস্থং হৃদিস্থম্ আত্মানং পরমাত্মানম্ ॥ ১৬ ॥

[ চূর্ণিকা। ]

ততস্তত্র নদ্যাং স্নাত্বা আচম্য জলঞ্চ পীত্বা ॥ ১৫ ॥

পিপ্পলমূলে স্থিতঃ সন্ মনসি আত্মানমচিন্তয়ম্ ॥ ১৬ ॥

[ শ্রীজীবগোস্বামী। ]

পরিশ্রান্তেতি যুগ্মকম্ ॥ ১৫ ॥ ১৬ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

চ দৃষ্টেষ্বপি ন মে বিস্ময়ো নাপি ভীতিরভূৎ মন্মনসস্তদা ভগবন্মাধুর্য্যমাত্রাবিষ্টত্বাদিতি ভাবঃ ॥ ১৩ ॥ ১৪ ॥ ১৫ ॥

পিপ্পলোপস্থে অশ্বত্থমূলে আশ্রিতঃ উপবিষ্টঃ। আত্মনা বুদ্ধ্যা আত্মস্থম্ উৎপন্নপ্রেমত্বাম্মনস্তবিচ্ছেদেনৈব কৃতবাসম্ আত্মানং পরমাত্মানম্। তথাপি যথাশ্রুতং মন্ত্রোপদিষ্টধ্যানমনতিক্রম্য অচিন্তয়ম্ ॥ ১৬ ॥

পথশ্রমে আমার দেহ ও ইন্দ্রিয় একান্ত অবসন্ন হইয়াছিল; আমি পিপাসায় অভিভূত ও ক্ষুধায় কাতর হইয়াছিলাম। আমি তটিনীর এক হ্রদে স্নান, পান ও আচমন করিয়া শ্রান্তি দূর করিলাম ॥ ১৫ ॥

অনন্তর সেই জনমানবশূন্য অরণ্যে এক অশ্বত্থমূলে উপবেশন পূর্ব্বক বুদ্ধিসহযোগে আমার হৃদয়স্থিত পরমাত্মাকে,—যেরূপ শুনিয়াছিলাম, সেইরূপে—চিন্তা করিতে লাগিলাম ॥ ১৬ ॥

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

# মুখবন্ধ।

অনেকেই, বোধ করি, অবগত আছেন যে, আজি কয়েক বৎসর হইতে আমরা বিলুপ্তপ্রায় সমগ্র অষ্টাদশ মহাপুরাণের উদ্ধারের নিমিত্ত—সংগ্রহ সংস্কার ও প্রচারাদির নিমিত্ত—সবিশেষ উদ্যোগ, আয়োজন ও অনুষ্ঠান করিতেছি;—কিন্তু 'কালের কুটিল গতি' প্রযুক্ত এবং 'শ্রেয়াংসি বহুবিঘ্নানি' নিবন্ধন, ইতিপূর্ব্বে একখানি পুরাণও সাধারণ্যে প্রচার করিতে সমর্থ হই নাই!—কয়েক বারই বিজ্ঞাপন প্রচারিত হইল;—প্রচারের সম্যক্ আয়োজন উদ্যোগ ও অনুষ্ঠান হইল;—এমন কি, একখানি মহাপুরাণ (ব্রহ্মপুরাণ) প্রায় সমগ্র সংশোধিত ও অনুবাদিত হইল,—কিয়দংশ পর্য্যন্ত মুদ্রিতও হইল;—কিন্তু বিবিধ বিঘ্ন-পরম্পরা-নিবন্ধন কার্য্যে পরিণত হইল না;—পুরাণ প্রচারিত হইল না!—মুকুল অবস্থাতেই বিশুষ্কপ্রায় হইয়া গেল,—ফল দেখা গেল না।(১)

ফলত, এইরূপে বারংবার বিফল-প্রযত্ন হইয়াও আমরা নিরুৎসাহ হই নাই;—হতাশ হই নাই;—উদ্যমও পরিত্যাগ করি নাই। তবে পুনঃপুন নানারূপ বিঘ্নব্যাঘাতাদি-

---

(১) এতৎসম্বন্ধীয় আনুপূর্ব্বিক সমস্ত বিবরণ ব্রহ্মপুরাণের অবতরণিকায় বিবৃত হইয়াছে। উহা প্রচারিত হইলেই সকলে অবগত হইতে পারিবেন। বাহুল্যভয়ে এস্থলে তত্তাবতের পুনরুল্লেখ করা আবশ্যক বোধ করিলাম না।

সংঘাত নিবন্ধন, উদারচেতা সহৃদয় সুহৃদ্বৃন্দের সৎপরামর্শ ও সদ্যুক্তি মতে বিঘ্ন-বিনাশন ও শুভ-সম্পাদন উদ্দেশে, আমাদের প্রচারিত অষ্টাদশ মহাপুরাণের অনুষ্ঠান-পত্রোক্ত ক্রম-বিপর্য্যয় (২) স্বীকার করিয়াও, এবারে আমরা ভগবান বাসুদেবের মহিমপ্রধান, সর্ব্ববিঘ্ন-বিনাশন, তাপত্রয়োন্মূলন, নিখিলমঙ্গলালয়, পরমশিবদ, পঞ্চমবেদস্বরূপ পঞ্চম মহাপুরাণ শ্রীমদ্ভাগবতই সর্ব্বাগ্রে প্রচার করিতে প্রবৃত্ত হইলাম। ভগবদনুকম্পায় অদ্য অতি শুভদিনে—শুভক্ষণে—রঘুকুলতিলক শ্রীরামচন্দ্রের শুভ আবির্ভাব-দিবসে—জন্মদিবসে—শ্রীরাম-নবমী দিবসে এই শ্রীমদ্ভাগবতের প্রথম খণ্ড প্রচারিত হইল।

(২) উক্ত অনুষ্ঠান-পত্র বিগত ১২৮৮ সালে প্রচারিত হয়। উহাতে আমরা পর্য্যায়ানুসারে মহাপুরাণের যে নাম-উল্লেখ করিয়াছি, সেই পর্য্যায়ক্রমেই অষ্টাদশ মহাপুরাণ, ক্রমে এক এক খানি করিয়া, নাগরাক্ষরে মূল ও বাঙ্গালা অক্ষরে তাহার বাঙ্গালা অনুবাদ সমেত, প্রচারিত করিব, মানস করিয়াছিলাম। কিন্তু, এক্ষণে, উল্লিখিত কারণ নিবন্ধন, প্রথম ব্রহ্মপুরাণের পরিবর্ত্তে আমরা একবারে পঞ্চম মহাপুরাণ শ্রীমদ্ভাগবত প্রচারে প্রবৃত্ত হইয়াছি। এবং বঙ্গদেশবাসী অনেক গ্রাহকের—বিশেষত বৈষ্ণব সম্প্রদায়ের অনুরোধক্রমে নাগরাক্ষরের পরিবর্ত্তে এই শ্রীমদ্ভাগবতের মূল প্রভৃতি সমুদায় অংশ বাঙ্গালা অক্ষরেই মুদ্রিত করিতেছি। এই ক্রম-বিপর্য্যয় ও অক্ষর-পরিবর্ত্তন ব্যতীত প্রচারাদি সম্বন্ধেও আমরা আরও কয়েকটি প্রণালীগত পরিবর্ত্তনাদিও করিয়াছি। প্রথমত, বাঙ্গালা অনুবাদ স্বতন্ত্র মুদ্রিত না করিয়া অধিকাংশ পাঠকের সুবিধানুরোধে মূলের নীচেই দেওয়া হইতেছে। দ্বিতীয়ত, অধিকাংশ সুহৃদ্বৃন্দের অনুরোধে কয়েকটি টীকা ও সংস্কৃত টিপ্পনীও মূলের নিম্নে দেওয়া যাইতেছে; এবং সেই জন্যই অনুবাদে যে সকল বিশেষ বিশেষ প্রয়োজনীয় বাঙ্গালা টিপ্পনী দিবার মানস ছিল, স্থানাভাব প্রযুক্ত তাহা অনুবাদের সহিত দেওয়া হইতেছে না।—"ভাগবতরহস্য" নামে আমরা একটি স্বতন্ত্র প্রবন্ধ প্রচারের সঙ্কল্প করিয়াছি। তাহাতেই অত্যাবশ্যকীয় টিপ্পনী প্রভৃতি শ্রীমদ্ভাগবত-সম্বন্ধীয় যাবতীয় প্রয়োজনীয় বিষয় সন্নিবেশিত করিয়া দিবার ইচ্ছা আছে। অধিকন্তু, আদ্য শ্লোকের শতাধিক প্রকার ব্যাখ্যা এবং অন্যান্য যে সকল শ্লোকের টীকাকারগণ বিবিধরূপ ব্যাখ্যা করিয়াছেন, তত্তাবতেরও তাৎপর্য্য সকল যথাসম্ভব সরল বাঙ্গালা ভাষায় উহাতে সন্নিবেশিত করিয়া দিবার ইচ্ছা করিয়াছি। আর আপাতত, ২০ ফর্ম্মার পরিবর্ত্তে মাসিক ১০ ফর্ম্মা কিছুদিনের জন্য প্রচারিত হইবে, পরে মাসিক ২০ ফর্ম্মা করিয়াই প্রচারের ইচ্ছা আছে। এবং দেশকালপাত্রানুসারে মূল্যসম্বন্ধেও কিছু কিছু পরিবর্ত্তন করিয়াছি। এতদ্ব্যতীত অন্যান্য সকল বিষয়ই অনুষ্ঠান-পত্রানুযায়ী হইতেছে ও হইবে।

ভরসা করি, হিন্দুধর্ম্মপরায়ণ সহৃদয় মহোদয়বৃন্দ এই ক্রম-বিপর্য্যয়াদি নিবন্ধন কিঞ্চিন্মাত্রও অসন্তুষ্ট না হইয়া বরং সমধিক পরিমাণে সন্তুষ্টই হইবেন। কারণ, এই শ্রীমদ্ভাগবত সর্ব্বপুরাণ-শ্রেষ্ঠ, সর্ব্বপুরাণ-গুহ্য এবং পরমপবিত্র। ভগবান বেদব্যাস লোক-সকলের মঙ্গলের নিমিত্ত ভগবৎ-লীলাময়, সর্ব্বশান্তি-নিকেতন, সর্ব্বপুরুষার্থ-সাধন, সর্ব্ববেদতুল্য, সর্ব্ব-শ্রেষ্ঠ এই শ্রীমদ্‌ভাগবত মহাপুরাণ প্রণয়ন করিয়াছেন। মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন অন্যান্য পুরাণ এবং মহাভারতাদি ইতি-হাস প্রণয়ন করিয়া কিছুতেই হৃদয়ের শান্তিলাভ করিতে সমর্থ না হইয়াই পরিশেষে দেবর্ষি নারদের উপদেশক্রমে ভগবন্মহিম-প্রধান এই মহাপুরাণ প্রণয়ন করিয়া সুস্থচিত্ত হয়েন। এইরূপ, এই শ্রীমদ্‌ভাগবতে এবং অন্যান্য ধর্ম্মগ্রন্থেও এই মহাপুরাণের বিবিধ প্রকার মাহাত্ম্যাদি বর্ণিত আছে। এই সংক্ষিপ্ত মুখবন্ধে তত্তাবতের উল্লেখ করা অথবা এই মহা-পুরাণের সবিশেষ পরিচয় প্রদান করা কোনক্রমেই সম্ভবপর নহে; এবং প্রদান করিবার তাদৃশী আবশ্যকতাও দেখিতেছি না। কারণ, শ্রীমদ্‌ভাগবত আমাদের দেশের আবালবৃদ্ধ-বনিতা সকলেরই পরম-সমাদরের পরম-শ্রদ্ধার এবং পরম-ভক্তির গ্রন্থ। সুতরাং গ্রন্থের পরিচয় বিষয়ে অধিক বাক্য ব্যয় না করিয়া কেবল নারদপুরাণোক্ত ইহার সংক্ষিপ্ত অনু-ক্রমণিকাই এস্থলে অবিকল উদ্ধৃত করিয়া দিতেছি। এই অনুক্রমণিকায় এতদুক্ত স্থূল স্থূল বিষয়ের অতি সঙ্ক্ষেপে অথচ অতি বিশদরূপে উল্লেখ আছে। অনুক্রমণিকা যথা :—

পঞ্চমং শ্রীভাগবতপুরাণম্।

শ্রীব্রহ্মোবাচ।

মরীচে শৃণু বক্ষ্যামি বেদব্যাসেন যৎ কৃতম্।
শ্রীমদ্ভাগবতং নাম পুরাণং ব্রহ্মসম্মিতম্॥
তদষ্টাদশসাহস্রং কীর্ত্তিতং পাপনাশনম্।
সুরপাদপরূপোঽয়ং স্কন্ধৈর্দ্বাদশভির্যুতঃ।
ভগবানেব বিপ্রেন্দ্র, বিশ্বরূপী সমীরিতঃ॥

তস্য প্রথমস্কন্ধে।—

তত্র তু প্রথমে স্কন্ধে সূতর্ষীণাং সমাগমঃ।
ব্যাসস্য চরিতং পুণ্যং পাণ্ডবানাং তথৈব চ।
পারীক্ষিতমুপাখ্যানমিতীদং সমুদাহৃতম্॥

দ্বিতীয়স্কন্ধে।—

পরীক্ষিচ্ছুকসংবাদে সৃতিদ্বয়নিরূপণম্।
ব্রহ্মনারদসংবাদেঽবতারচরিতামৃতম্॥
পুরাণলক্ষণঞ্চৈব সৃষ্টিকারণসম্ভবঃ।
দ্বিতীয়োঽয়ং সমুদিতঃ স্কন্ধো ব্যাসেন ধীমতা॥

তৃতীয়স্কন্ধে।—

চরিতং বিদুরস্যাথ মৈত্রেয়েণাস্য সঙ্গমঃ।
সৃষ্টিপ্রকরণং পশ্চাদ্‌ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
কাপিলং সাঙ্খ্যমপ্যত্র তৃতীয়োঽয়মুদাহৃতঃ॥

চতুর্থস্কন্ধে।—

সত্যাশ্চরিতমাদৌ তু ধ্রুবস্য চরিতং ততঃ।
পৃথোঃ পুণ্যসমাখ্যানং ততঃ প্রাচীনবর্হিষঃ।
ইত্যেষ তূর্য্যো গদিতো বিসর্গে স্কন্ধ উত্তমঃ॥

পঞ্চমস্কন্ধে।—

প্রিয়ব্রতস্য চরিতং তদ্বংশ্যানাঞ্চ পুণ্যদম্।
ব্রহ্মাণ্ডান্তর্গতানাঞ্চ লোকানাং বর্ণনন্ততঃ।
নরকস্থিতিরিত্যেষ সংস্থানে পঞ্চমো মতঃ॥

অজামিলস্য চরিতং দক্ষসৃষ্টিনিরূপণম্।
বৃত্রাখ্যানং ততঃ পশ্চান্মরুতাং জন্ম পুণ্যদম্।
ষষ্ঠোঽয়মুদিতঃ স্কন্ধো ব্যাসেন পরিপোষণে॥

সপ্তমস্কন্ধে।—

প্রহ্লাদচরিতং পুণ্যং বর্ণাশ্রমনিরূপণম্।
সপ্তমো গদিতো বৎস বাসনাকর্ম্মকীর্ত্তনে॥

অষ্টমস্কন্ধে।—

গজেন্দ্রমোক্ষণাখ্যানং মন্বন্তরনিরূপণম্।
সমুদ্রমথনঞ্চৈব বলিবৈভববন্ধনম্।
মৎস্যাবতারচরিতমষ্টমোঽয়ং প্রকীর্ত্তিতঃ॥

নবমস্কন্ধে।—

সূর্য্যবংশসমাখ্যানং সোমবংশনিরূপণম্।
বংশ্যানুচরিতে* প্রোক্তো নবমোঽয়ং মহামতে॥

দশমস্কন্ধে।—

কৃষ্ণস্য বালচরিতং কৌমারঞ্চ ব্রজস্থিতিঃ।
কৈশোরং মথুরাস্থানং যৌবনং দ্বারকাস্থিতিঃ।
ভূভারহরণঞ্চাত্র নিরোধে দশমঃ স্মৃতঃ॥

* বংশানুচরিতে ইত্যপি পাঠঃ।

একাদশস্কন্ধে।—

নারদেন তু সংবাদো বসুদেবস্য কীর্ত্তিতঃ।
যদোশ্চ দত্তাত্রেয়েণ শ্রীকৃষ্ণেনোদ্ধবস্য চ।
যাদবানাং মিথোঽন্তশ্চ মুক্তাবেকাদশঃ স্মৃতঃ॥

দ্বাদশস্কন্ধে।—

ভবিষ্যকলিনির্দ্দেশো মোক্ষো রাজ্ঞঃ পরীক্ষিতঃ।
বেদশাখাপ্রণয়নং মার্কণ্ডেয়তপঃ স্মৃতম্॥
সৌরী বিভূতিরুদিতা সাত্বতী চ ততঃ পরম্।
পুরাণসংখ্যাকথনমাশ্রয়ে দ্বাদশো হ্যয়ম্॥
ইত্যেবং কথিতং বৎস শ্রীমদ্ভাগবতং তব॥

তৎফলশ্রুতিঃ।—

বক্তুঃ শ্রোতুশ্চোপদেষ্টুরনুমোদিতুরেব চ।
সাহায্যকর্ত্তুর্গদিতং ভক্তিভুক্তিবিমুক্তিদম্॥
প্রৌষ্ঠপদ্যাং পূর্ণিমায়াং হেমসিংহসমাচিতম্।
দেয়ং ভাগবতায়েদং দ্বিজায় প্রীতিপূর্ব্বকম্।
সংপূজ্য বস্ত্রহেমাদ্যৈর্ভগবদ্ভক্তিমিচ্ছতা॥
যোঽপ্যনুক্রমণীমেতাং শ্রাবয়েচ্ছৃণুয়াত্তথা।
স পুরাণশ্রবণজং প্রাপ্নোতি ফলমুত্তমম্॥

ইতি শ্রীনারদীয়পুরাণে পূর্ব্বভাগে বৃহদুপাখ্যানে চতুর্থপাদে ৯৬ অধ্যায়ঃ॥৫॥

[ অনুবাদ। ]

## পঞ্চম শ্রীমদ্ভাগবত মহাপুরাণ।

ব্রহ্মা বলিলেন। বৎস মরীচে! বেদব্যাস-প্রণীত বেদসদৃশ শ্রীমদ্ভাগবত-নামক পুরাণের বিবরণ বলিতেছি, শ্রবণ কর। এই পাপনাশন শ্রীমদ্ভাগবত অষ্টাদশসহস্র-শ্লোকাত্মক ও দ্বাদশস্কন্ধ-সমন্বিত কল্পবৃক্ষস্বরূপ। বিপ্রেন্দ্র! কথিত আছে, ইহা সাক্ষাৎ বিশ্বরূপী ভগবানেরই অবয়ব।

## প্রথম স্কন্ধ।

প্রথম স্কন্ধে সূতের সহিত শৌনকাদি ঋষিগণের সমাগম, ভগবান ব্যাসদেবের পবিত্র চরিত, পাণ্ডবদিগের পাবন আখ্যান, পরীক্ষিতের উপাখ্যান, এই কয়েকটি বিষয় কথিত আছে।

## দ্বিতীয় স্কন্ধ।

পরীক্ষিত ও শুকের সংবাদে যোগস্মৃতিদ্বয় নিরূপণ, ব্রহ্মনারদ-সংবাদ, অবতার-চরিতামৃত-কথা, পুরাণ-লক্ষণ, সৃষ্টির কারণ-সকলের সম্ভব, ধীমান বেদ-ব্যাস এইগুলি দ্বিতীয় স্কন্ধে বর্ণন করিয়াছেন।

## তৃতীয় স্কন্ধ।

প্রথম বিদুরের চরিত, বিদুরের সহিত মৈত্রেয়ের মিলন, তৎপরে পরমাত্মা ব্রহ্মার সৃষ্টিপ্রকরণ, কপিলপ্রণীত সাঙ্খ্যযোগ, এই সকল কথা তৃতীয় স্কন্ধে কথিত হইয়াছে।

## চতুর্থ স্কন্ধ।

প্রথমে সতীর উপাখ্যান, পরে ধ্রুবের চরিত, পৃথুর পবিত্র আখ্যান, তৎপরে প্রাচীনবর্হির উপাখ্যান, বিসর্গ-সম্বন্ধে চতুর্থ স্কন্ধে এইগুলি বর্ণিত আছে।

## পঞ্চম স্কন্ধ।

প্রিয়ব্রত-চরিত, প্রিয়ব্রতের পুণ্যপ্রদ-বংশ-কথা, ব্রহ্মাণ্ডান্তর্গত লোক-সকলের বর্ণন, নরক-স্থান-কথন, সংস্থান-সম্বন্ধে পঞ্চম স্কন্ধে এই সমুদায় বর্ণিত হইয়াছে।

## ষষ্ঠ স্কন্ধ।

প্রথমে অজামিলের উপাখ্যান, দক্ষসৃষ্টি-নিরূপণ, তৎপরে বৃত্রাসুরের চরিত, বায়ুগণের পুণ্যপ্রদ জন্ম-বিবরণ, ষষ্ঠ স্কন্ধে পরিপোষণ-সম্বন্ধে বেদব্যাস এইগুলি বর্ণন করিয়াছেন।

## সপ্তম স্কন্ধ।

প্রহ্লাদের পবিত্রকথা, বর্ণাশ্রম-নিরূপণ, সপ্তম স্কন্ধে সকাম কর্ম্মবিষয়ে ইহা উক্ত হইয়াছে।

## অষ্টম স্কন্ধ।

গজেন্দ্র-মোক্ষণাখ্যান, মন্বন্তর-নিরূপণ, সমুদ্র-মথন, বলি রাজার বৈভব ও বন্ধন, মৎস্যাবতার-চরিত, এই সমুদায় অষ্টম স্কন্ধে বর্ণিত হইয়াছে।

## নবম স্কন্ধ।

সূর্য্যবংশ-সমাখ্যান, চন্দ্রবংশ-নিরূপণ, এইরূপ বংশ-কীর্ত্তন দ্বারা এই নবম স্কন্ধ শেষ হইয়াছে।

## দশম স্কন্ধ।

কৃষ্ণের বাল-চরিত, কৌমার-চরিত, ব্রজ-বিহার, কৈশোর-চরিত, মথুরাবাস, যৌবন-চরিত, দ্বারকাবাস, এবং ভূভার-হরণ, দশমে নিরোধ-বিষয়ে এই সকল কথা আছে।

## একাদশ স্কন্ধ।

নারদের সহিত বসুদেবের সংবাদ, দত্তাত্রেয়ের সহিত যদুর কথা, কৃষ্ণের সহিত উদ্ধবের কথোপকথন, যাদবদিগের পরস্পর-কর্ত্তৃক পরস্পরের নাশ, একাদশে মুক্তি-বিষয়ে এই সকল বর্ণিত আছে।

## দ্বাদশ স্কন্ধ।

প্রথমে কলির ভবিষ্যদ্‌বৃত্তান্ত, রাজা পরীক্ষিতের মুক্তি, বেদশাখা-প্রণয়ন, মার্কণ্ডেয়ের তপস্যা, সূর্য্যের বিভূতি-কথন, তৎপরে ভগবানের বিভূতি, পুরাণ-সংখ্যা-কথম, দ্বাদশ স্কন্ধে আশ্রয়-বিষয়ে এই সকল কথা কথিত হইয়াছে।

বৎস! এই তোমার নিকট শ্রীমদ্‌ভাগবতের বিষয় কথিত হইল।

## ফলশ্রুতি।

এই শ্রীমদ্ভাগবত, বক্তা শ্রোতা উপদেষ্টা অনুমোদিতা এবং সাহায্যকর্ত্তা, সকলেরই ভক্তি ভুক্তি ও বিমুক্তি প্রদান করেন। যিনি ভগবানে ভক্তি ইচ্ছা করেন, তিনি ভাদ্রী পূর্ণিমাতে বিষ্ণুভক্ত ব্রাহ্মণকে বস্ত্র ও সুবর্ণ প্রভৃতি দ্বারা পূজা করিয়া প্রীতিপূর্ব্বক হেমসিংহের সহিত এই শ্রীমদ্ভাগবত দান করিবেন। যিনি এই অনুক্রমণিকা শ্রবণ করান বা শ্রবণ করেন, তিনিও আদ্যোপান্ত পুরাণ শ্রবণের সুফল প্রাপ্ত হইয়া থাকেন।

নারদীয়পুরাণ—পূর্ব্বভাগ—বৃহদুপাখ্যানের চতুর্থ পাদের ৯৬ অধ্যায়।

এক্ষণে আমাদের কার্য্যপ্রণালী প্রভৃতির বিষয় যথাসম্ভব সংক্ষেপে উল্লেখিত হইতেছে।

শ্রীমদ্ভাগবতের আমাদের এই সংস্করণে মূল, প্রত্যেক শ্লোকের অন্বয়, পূজ্যপাদ শ্রীযুক্ত শ্রীধরস্বামি-কৃত ভাবার্থ-দীপিকা টীকা, এবং দীপনী ও চূর্ণিকা নাম্নী টিপ্পনী (৩), পূজ্যপাদ শ্রীযুক্ত জীবগোস্বামি-কৃত ক্রমসন্দর্ভ, পূজ্যপাদ শ্রীযুক্ত বিশ্বনাথ চক্রবর্ত্তি-কৃত সারার্থদর্শিনী টীকা, পূজ্যপাদ শ্রীযুক্ত সনাতনগোস্বামি-কৃত (কেবল দশমস্কন্ধের) তোষণী নামে টীকা এবং আদ্যোপান্ত সমস্তের সরল বিশুদ্ধ বাঙ্গালা অনুবাদ থাকিবে। তন্মধ্যে সর্ব্বপ্রথমে মূল, তাহার নীচে অন্বয়, তৎপরে সরল রেখার নীচে ভাবার্থ-দীপিকা, তাহার পর ঐরূপে দীপনী, তৎপরে চূর্ণিকা, তৎপরে ক্রমসন্দর্ভ, তৎপরে সারার্থদর্শিনী এবং সর্ব্বশেষে বাঙ্গালা অনুবাদ থাকিবে। এক একটি শ্লোকের এই গুলি যথাক্রমে পর পর শেষ হইলে, তাহার পর অন্য শ্লোকেরও আবার ঐরূপ ক্রমে ঐ সকল সন্নিবেশিত হইবে। কেবল, যে পৃষ্ঠায় মূল থাকিবে, অনুবাদ যাহাতে সেই পৃষ্ঠাতেই থাকে, ক্রম-বিপর্য্যয় স্বীকার করিয়াও তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখা যাইবে; এবং মূল ও অন্বয়, যাহাতে প্রত্যেক পৃষ্ঠার উপরি থাকে, পারতপক্ষে তৎপ্রতিও বিশেষ লক্ষ্য থাকিবে। তোষণী যেখানে দিলে ভাল হয়, যথাসময়ে বিবেচনা করিয়া দেওয়া হইবে।

(৩) দীপনীতে শ্রীধরস্বামি-কৃত টীকার দুরূহ স্থলাদির ব্যাখ্যাদি আছে।—চূর্ণিকায় প্রত্যেক শ্লোকের সারমর্ম্ম সংক্ষেপে বিবৃত হইয়াছে।

সুবৃহৎ ব্যাপার সম্পাদিত হইতেছে।(৫) এবং গ্রন্থখানি

(৫)—এই শ্রীমদ্ভাগবত সাত্ত্বিক পুরাণ—বৈষ্ণবগ্রন্থ। 'সকল সময়েই সম্যক্ সমাদৃত হইলেও শ্রীশ্রীমহাপ্রভুর প্রাদুর্ভাবসময়ে ইহার যেরূপ সবিশেষ সমাদর ও চর্চ্চা হইয়াছিল, আর কখনও সেরূপ হইয়াছিল বলিয়া কোনরূপ প্রমাণ দেখিতে পাওয়া যায় না। এই সময় ইহার প্রকৃত অভিনব ভাবব্যঞ্জক অনেকগুলি টীকা-টিপ্পনীও প্রণীত হইয়াছিল।—পূজ্যপাদ শ্রীযুক্ত সনাতন গোস্বামী তোষণী প্রস্তুত করেন;—তদীয় ভ্রাতুষ্পুত্র অসাধারণ-ধীশক্তি-সম্পন্ন ও পাণ্ডিত্য-প্রাবীণ্য-পরিপূর্ণ শ্রীযুক্ত জীব গোস্বামী ক্রমসন্দর্ভ প্রণয়ন করেন। এবং আরও কতিপয় মহাত্মা কয়েকখানি টীকা-টিপ্পনী প্রণয়ন করিয়াছিলেন।—কথিত আছে, তন্মধ্যে একখানি পূজ্যপাদ শ্রীধরস্বামীর মত-বিরোধী বলিয়া, তৎপ্রণেতা, 'যে স্বামী মানে না সে বেশ্যা' এইরূপ শ্লেষ-সূচক বাক্যে মহাপ্রভুকর্ত্তৃক নিরাকৃত হইয়াছিলেন। যাহা হউক, স্বয়ং মহাপ্রভু চৈতন্যদেব এবং নিত্যানন্দপ্রভু, এই শুক-মুখামৃত-দ্রব সংযুত-নিগম-কল্পতরু-ফল-রসাস্বাদে সর্ব্বদাই বিভোর থাকিতেন;—এবং তাঁহাদের পারিষদ-বর্গও তদ্‌গতচিত্তে সর্ব্বদাই ইহার চর্চ্চা ও অনুশীলন করিতেন।—তদবধি গুরুশিষ্যপরম্পরায় তদীয় পারিষদ বৈষ্ণব-সম্প্রদায়ের—অদ্বৈতপ্রভুবংশের—বিশেষত নিত্যানন্দ প্রভুপাদের সন্তানগণ মধ্যে অবিচ্ছেদে ইহার চর্চ্চা ও অনুশীলন চলিয়া আসিতেছে; এমন কি, তাঁহারাই প্রকৃত প্রস্তাবে শ্রীমদ্ভাগবতের অধিকারী এবং শ্রীমদ্ভাগবত-ব্যবসায়ী, এ কথা বলিলেও বোধ করি অত্যুক্তি হয় না।

বলা বাহুল্য যে, গুরুপরম্পরাক্রমে শিক্ষা প্রাপ্ত হইয়া যাঁহারা যে শাস্ত্রের ব্যবসায়ী, তাঁহাদের দ্বারা সে শাস্ত্রের গূঢ়ার্থ প্রভৃতি যেরূপ সুস্পষ্টীকৃত হওয়া সম্ভব; অন্য দ্বারা কখনই তদনুরূপ আশা করা যাইতে পারে না। এই জন্যই, বিষ্ণুপুরাণ, কল্কিপুরাণ, মহানির্ব্বাণ-তন্ত্র প্রভৃতির অনুবাদক, বিবিধ-শাস্ত্রার্থদর্শী, সদ্‌বিদ্বান্ সুপ্রসিদ্ধ পণ্ডিত শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কার মহাশয় আমাদের মহাপুরাণ-সম্পাদনাদিরূপ মহাসাগর সমুত্তীর্ণ হইবার অধ্যবসায়-ভেলকের প্রধান কর্ণধার স্বরূপ থাকিলেও, শ্রীমদ্ভাগবত সম্বন্ধে আমরা নিত্যানন্দবংশাবতংস প্রধান প্রধান ভাগবতাভিজ্ঞ মহোদয়গণের আশ্রয় গ্রহণ করিয়াছি। তাঁহারাও প্রায় সকলেই সম্পূর্ণ অনুমোদন সহকারে যথাসম্ভব সাহায্যাদি করিতে প্রতি-শ্রুত ও স্বীকৃত হইয়াছেন। তন্মধ্যে সম্প্রতি যাঁহারা সাহায্য করিতেছেন, তাঁহাদেরই নাম এস্থলে বিবৃত হইল; অন্যান্য যে সকল মহাত্মা সাহায্য করিতে স্বীকৃত হইয়াছেন অথবা সাহায্য করিবেন, তাঁহাদের নাম পশ্চাৎ যথাস্থানে যথোচিত কৃতজ্ঞতার সহিত প্রকাশিত হইবে।

শ্রীযুক্ত উপেন্দ্রমোহন গোস্বামী এবং শ্রীযুক্ত গোকুলচন্দ্র গোস্বামী মহাশয়দ্বয় তাঁহাদের স্ব স্ব সংগৃহীত ও অধীত অতীব পরিশুদ্ধ হস্তলিখিত গ্রন্থ প্রদান দ্বারা আমাদিগকে যথেষ্ট অনুগৃহীত ও উৎসাহিত করিতেছেন। আর, প্রথমোক্ত মহাশয় অসুস্থ বলিয়া যদিও এক্ষণে তাদৃশ মনোভিনিবেশ করিতে পারিতেছেন না; কিন্তু শেষোক্ত মহাশয় সময় সময় আবশ্যক-মত সৎপরামর্শ প্রদান এবং পর্য্যবেক্ষণাদিও করিতেছেন।

শ্রীযুক্ত শ্যামলাল গোস্বামী সিদ্ধান্তবাচস্পতি মহাশয় বিশেষ যত্ন ও উৎসাহের সহিত অনুবাদ অন্বয় দীপনী-সংগ্রহ প্রভৃতি প্রায় সকল বিষয়েই সম্পূর্ণ সাহায্য করিতেছেন। এমন কি, ইঁহার ঈদৃশ সহায়তা না পাইলে আমরা এই দুরূহ বিষয় এতাদৃশ সুচারুরূপে সম্পাদন করিতে পারিতাম কি না, সন্দেহস্থল। সিদ্ধান্তবাচস্পতি মহাশয় বয়সে নবীন হইলেও

যাহাতে সর্ব্বোৎকৃষ্ট, সর্ব্বাঙ্গসুন্দর ও সর্ব্বতোভাবে পরিশুদ্ধ হয়, তদ্‌বিষয়ে যত্ন, পরিশ্রম এবং অর্থব্যয়াদির কিঞ্চিন্মাত্রও ত্রুটি হইতেছে না। ফলত, ফল কিরূপ দাঁড়াইতেছে, তাহা কৃতবিদ্য সহৃদয় পাঠকবর্গই বিবেচনা করিবেন।—

"হেম্নঃ সংলক্ষ্যতে হ্যগ্নৌ বিশুদ্ধিঃ শ্যামিকাপি বা।"

স্বর্ণ বিশুদ্ধ কি বিমিশ্র তাহার পরীক্ষা অগ্নিতেই হইয়া থাকে।

এস্থলে আর একটি কথার উল্লেখ করিয়া এই প্রস্তাবের উপসংহার করিতেছি :—

কেহ কেহ মনে করিতে পারেন, 'শ্রীমদ্ভাগবত ত অনেক প্রচারিত হইয়াছে; আবার কেন?' এতদুত্তরে সম্প্রতি সংক্ষেপে এই মাত্র বক্তব্য যে, ইতিপূর্ব্বে যতগুলি শ্রীমদ্‌-ভাগবত প্রচারিত হইয়াছে; তাহার কোনখানিই আশানু-যায়ী হইয়াছে বলিয়া আমাদের ধারণা নাই। কোনটি কেবল মূল, কোনটি কেবল অনুবাদ, কোনটি বা কেবল অনুবাদ ও দুই একটি টীকা সহ, এবং কোন কোনটি বা কতকগুলি টীকা সমেত মুদ্রিত হইয়াছে এবং হইতেছে। কিন্তু, প্রথমত, এতগুলি প্রয়োজনীয় বিষয়ের একত্র সমাবেশ কোনটিতেই নাই;—দ্বিতীয়ত, অন্বয় বা দীপনী এ পর্য্যন্ত কেহই মুদ্রিত করেন নাই;—তৃতীয়ত, প্রায় কোনটিই তাদৃশ পরিশুদ্ধ

---

নৈপুণ্যে নিরতিশয় প্রবীণ। শ্রীমদ্ভাগবতে ইনি বিশেষ ব্যুৎপন্ন। তদ্ব্যতীত বেদান্ত, ষট্‌সন্দর্ভ, বৃহদ্‌ভাগবতামৃত, ভক্তিরসামৃত প্রভৃতি অন্যান্য মহামান্য প্রামাণ্য অতি দুরূহ বৈষ্ণবগ্রন্থ-সকলও ইনি রীতিমত অধ্যয়ন করিয়া বিশেষরূপ ব্যুৎপত্তি লাভ করিয়াছেন।

রূপে মুদ্রিত ও প্রচারিত হয় নাই। ত্রিপুরাধীশ্বর শ্রীমন্মহারাজ বীরচন্দ্র বর্ম্ম মাণিক্য মহোদয়ের সম্পূর্ণ সাহায্যে বহরমপুর হইতে শ্রীযুক্ত রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয় কর্ত্তৃক যেটি মুদ্রিত ও প্রচারিত হইতেছে; তাহাতে অপেক্ষাকৃত অনেক গুলি টীকা আছে; কিন্তু কৃতবিদ্য পণ্ডিতগণ প্রায়ই সচরাচর বলিয়া থাকেন, উহাতে বিস্তর ভ্রমপ্রমাদ পরিলক্ষিত হয়। আমরাও যতদূর মিলাইয়া দেখিয়াছি, তাহাতে তাঁহাদের ঐরূপ উক্তি যে অমূলক, এরূপ বলিতে পারি না।—অধিকন্তু উহাতে মধ্যে মধ্যে টীকার কোন কোন অংশ 'ছাড়' দেখিয়া —বিশেষত সর্ব্বপ্রথম শ্লোকের পূজ্যপাদ-জীবগোস্বামি-কৃত টীকার বৈষ্ণবসম্প্রদায়াভিমত অতিসুন্দর "স্ব-ব্যাখ্যা" নামক বিস্তৃত ব্যাখ্যাটি দেখিতে না পাইয়া আমরা অত্যন্ত ক্ষুব্ধও হইয়াছি। তা যাহা হউক, বিদ্যারত্ন মহাশয় বিস্তর যত্ন ও পরিশ্রম স্বীকার করিয়া তাঁহার সংস্করণ বাহির করিতেছেন। এ কার্য্য যেরূপ দুরূহ,—বিশেষত হস্ত-লিখিত বিশুদ্ধ মূল গ্রন্থ সংগ্রহ করা যেরূপ দুরূহতর,—এবং তদুক্ত পাঠ নির্ব্বাচন ও নির্ণয় করা যেরূপ দুরূহতম কার্য্য; তাহাতে প্রথম উদ্‌যোগের অবশ্যম্ভাবী ভ্রমপ্রমাদ জন্য আমরা তাঁহার কোনরূপ দোষ প্রদান না করিয়া—প্রথম পথ-প্রদর্শক বলিয়া তাঁহার নিকট বরং যথেষ্ট উপকৃত ও কৃতজ্ঞই রহিয়াছি।— তবে কি না, যখন ত্রিপুরাধীশ্বরের প্রচুর আর্থিক সাহায্য আছে; তখন আরো একটু অধিক পরিশ্রমাদি স্বীকার করিয়া যাহাতে বিষয় পরিত্যক্ত না হয়, তৎপ্রতি একটু বিশেষ

রাখা, আমাদের বিবেচনায়, তাঁহার সর্ব্বতোভাবে কর্ত্তব্য। যাহা হউক, উহার দুষ্প্রাপ্যতাও আমাদের শ্রীমদ্ভাগবত প্রচারের অন্যতম কারণ'।—উহা সম্প্রতি আর পাওয়া যায় না বলিয়াই অনেকের অনুরোধক্রমে তদপেক্ষা তিনটি অত্যাবশ্যকীয় নূতন বিষয় ( অন্বয়, চূর্ণিকা ও দীপনী ) অতিরিক্ত সন্নিবেশিত করিয়া আমরা এরূপ ভাবে এসময় শ্রীমদ্ভাগবত প্রচারে প্রবৃত্ত হইয়াছি।—অন্যান্য কারণাবলীর মধ্যে কতক পূর্ব্বেই বলা হইয়াছে; অবশিষ্ট, সময়ান্তরে প্রয়োজনমতে বলিবার মানস রহিল। এক্ষণে এতদ্দ্বারা সাধারণের কিঞ্চিন্মাত্রও উপকার হইলে—ভগবদ্ভক্ত সাধুবৃন্দ যৎকিঞ্চিন্মাত্রও পরিতুষ্ট হইলে, আমাদের এই পারশ্রমাদি সার্থক জ্ঞান করিব। অলমতিবিস্তরেণ।

শ্রীকৃষ্ণগোপাল ভক্ত
সম্পাদক :
এবং
এসিয়াটিক সোসাইটির অন্যতম মেম্বর,
নূতন বাঙ্গালা যন্ত্রের অধ্যক্ষ,
শব্দকল্পদ্রুম দ্বিতীয় সংস্করণের সম্পাদক,
ও অন্যতম প্রকাশক,
রামায়ণ-সম্পাদক, মহানির্ব্বাণতন্ত্র-সম্পাদক,
যোগশাস্ত্র-সম্পাদক প্রভৃতি।

পুরাণ-কার্য্যালয়।
কলিকাতা—গোপীকৃষ্ণ পালের লেন নং ১৫।
১৪ই চৈত্র ( শ্রীরামনবমী,—১২৯৯।

# বিশেষ দ্রষ্টব্য

আমাদের এই অষ্টাদশ মহাপুরাণের সংগ্রহ, সম্পাদন ও প্রচারাদি জন্য যে যে মহাত্মা যে যে পরিমাণে যে যে রূপে সাহায্য করিয়াছেন এবং করিতে স্বীকৃত আছেন, বিশেষ বিবরণ সহ তাঁহাদের নাম যথাযোগ্য কৃতজ্ঞতার সহিত আদি ব্রহ্মপুরাণের অবতরণিকায় বিবৃত হইয়াছে। তাহা প্রচারিত হইলেই সাধারণে সুবিদিত হইতে পারিবেন ;—এস্থলে পুনরুল্লেখ করা তাদৃশ আবশ্যক বিবেচনা করিলাম না। তবে এখানে এই মাত্র বক্তব্য যে, স্বদেশহিতব্রতনিরতা চিরমুক্তহস্তা দানশীলা শ্রীমতী মহারাণী স্বর্ণময়ী ৫০০৲ টাকা, শ্রীমতী রাণী আর্ণাকালী দেবী ১০০৲ টাকা, নসীপুরের রাণী শ্রীমতী লক্ষ্মীকুমারী সাহেবা ৫০৲ টাকা, শ্রীযুক্ত বাবু হরিকৃষ্ণ মজুমদার ৫০৲ টাকা, শ্রীযুক্ত বাবু প্রাণকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ৫০৲ টাকা, আর ( ভিন্নধর্ম্মাবলম্বী হইলেও ) বিদ্বৎ-সুহৃৎ মহামনা মুরশিদাবাদের বর্ত্তমান নবাব বাহাদুর ৮০০৲ টাকা, ও জাফরাগঞ্জের নবাব বাহাদুর ১০০৲ টাকা, এবং অন্যান্য মহানুভব মহোদয়গণও যথাসম্ভব আর্থিক সাহায্য প্রদান দ্বারা ( এবং লালগোলার প্রসিদ্ধ জমীদার শ্রীযুক্ত রাজা যোগীন্দ্রনারায়ণ বাহাদুর প্রমুখ কতিপয় মহাত্মা কিছু কিছু প্রদানের অঙ্গীকার দ্বারা ) আমাদিগকে যথেষ্ট উৎসাহিত ও অনুগৃহীত করিলেও, এই সামান্য অর্থ দ্বারা ঈদৃশ গুরুতর কার্য্য আশানুযায়ী সম্পাদনের সম্ভাবনা না থাকাও, এত দিন মহাপুরাণ প্রচারে বিলম্ব করিবার অন্যতম কারণ। পরন্তু সম্প্রতি কিছু দিন হইল, তারকেশ্বরের মোহান্ত শ্রীযুক্ত মাধবচন্দ্র গিরি এবং মেদিনীপুর—নাড়াজোলাধিপতি শ্রীযুক্ত মহেন্দ্রলাল খাঁ বাহাদুর, এই দুই মহাত্মা আমাদিগকে বিশেষ সাহায্য করিতে একপ্রকার প্রতিশ্রুত হয়েন বলিয়া আর অধিক বিলম্ব না করিয়া আমরা এ কার্য্যে হস্তক্ষেপ করি ; পরন্তু শুভ কার্য্যের পদে পদেই বিঘ্ন ! নিরতিশয় দুঃখের বিষয় যে, প্রথম খণ্ড সম্যক্ প্রচারের পূর্ব্বেই এই উভয় মহাত্মাই অকালে আমাদিগকে পরিত্যাগ করিয়া গিয়াছেন !—সুতরাং আমরা অত্যন্ত ক্ষুব্ধ ও চিন্তিত হইয়া, প্রধানত, তাঁহাদের উত্তরাধিকারিগণের অভিমত বুঝিয়াই "মুখবন্ধ" খানি প্রচারিত করিবার অভিপ্রায়ে ইতিপূর্ব্বে ইহা প্রচারিত করি নাই। পরন্তু কোন কারণ বশত এখনও তাঁহাদিগকে জানান হইল না বলিয়া—এবং জানাইলেও অকৃতকার্য্য হইবারও কোনই সম্ভাবনা নাই দেখিয়া—বিশেষত আর বিলম্ব করা অসঙ্গত বিবেচনা করিয়া—সম্প্রতি এই ৪র্থ খণ্ডের সহিতই "মুখবন্ধ" প্রবন্ধটি সংযোজিত করিয়া দেওয়া গেল। তাঁহাদিগকে জানাইবার ফলাফল এবং আমাদের অন্যান্য যাহা যাহা বক্তব্য আছে, তত্তাবৎ যথাসময়ে বা উপসংহার স্থলে বিবৃত কবিবার বাসনা রহিল।

সম্পাদক।

শ্রাবণ—১৩০০।

ধ্যায়তশ্চরণাম্ভোজং ভাবনির্জ্জিতচেতসা

ঔৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষস্য হৃদ্যাসীন্মে শনৈর্হরিঃ ॥ ১৭ ॥

প্রেমাতিভরনির্ভিন্নপুলকাঙ্গোঽতিনির্বৃতঃ।

আনন্দসংপ্লবে লীনো নাপশ্যমুভয়ং মুনে ॥ ১৮ ॥

ভাবনির্জ্জিতচেতসা চরণাম্ভোজং ধ্যায়তঃ ঔৎকণ্ঠ্যাশ্রুকলাক্ষস্য মে হৃদি হরিঃ শনৈঃ আসীৎ ॥ ১৭ ॥

(হে) মুনে! প্রেমাতিভরনির্ভিন্নপুলকাঙ্গঃ অতিনির্বৃতঃ (অহম্) আনন্দসংপ্লবে লীনঃ (সন্) উভয়ং ন অপশ্যম্ ॥ ১৮ ॥

---

[ শ্রীধরস্বামী। ]

ভাবেন ভক্ত্যা নির্জ্জিতং বশীকৃতং যচ্চেতস্তেন। ঔৎকণ্ঠ্যেনাশ্রুকলাযুক্তে অক্ষিণী যস্য ॥ ১৭ ॥

প্রেম্ণোঽতিভরেণ নির্ভিন্নপুলকানি অঙ্গানি যস্য। আনন্দানাং সংপ্লবে মহাপূরে পরমানন্দে। উভয়ম্ আত্মানং পরঞ্চ ॥ ১৮ ॥

---

[ চূর্ণিকা। ]

এবং ধ্যায়তো মে হৃদি হরিঃ প্রাদুর্ব্বভূব ॥ ১৭ ॥

[ শ্রীজীবগোস্বামী। ]

ধ্যায়ত ইতি। শনৈঃ সৌরভ্যাদিক্রমেণ। হৃদ্যাসীৎ স্বয়মেবাবির্ভূতবান্ ॥ ১৭ ॥ ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥ ২১ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

ভাবনির্জ্জিতেন প্রেমবশীকৃতেন চেতসা মনসা হৃদি মনস্যেব ধ্যায়তো মম হরিঃ শনৈঃ ক্রমেণাসীৎ আগত্যাগ্রে বভূব। যদ্বা শনৈরিতি প্রথমং হৃদ্যাবির্ভূব ততো হৃদবৃত্তিষু তিসৃষু নাসিকাশ্রোত্রচক্ষুঃষ্বপি স্বাঙ্গসৌরভ্যনূপুরসৌস্বর্য্য-শ্রীমুখসৌন্দর্য্যগ্রাহণার্থমাবির্বভূব। কীদৃশস্য মম ঔৎকণ্ঠ্যেন অশ্রূণি কলয়তো ধারয়তোঽক্ষিণী যস্য তস্য ॥ ১৭ ॥

ভাব-নির্জ্জিত চিত্তে শ্রীহরির পাদপদ্ম ধ্যান করিতে করিতে উৎকণ্ঠায় আমার লোচনযুগল অশ্রুপূর্ণ হইয়া উঠিল, অমনি শ্রীহরিও ধীরে ধীরে আমার হৃদয়ে আবির্ভূত হইলেন ॥ ১৭ ॥

রূপং ভগবতো যত্তন্মনঃকান্তং শুচাপহম্।
অপশ্যন্ সহসোত্তস্থে বৈক্লব্যাদ্দুর্ম্মনা ইব ॥ ১৯ ॥

ভগবতঃ যৎ মনঃকান্তং শুচাপহং রূপং, তৎ সহসা অপশ্যন্, বৈক্লব্যাৎ দুর্ম্মনাঃ ইব উত্তস্থে॥ ১৯ ॥

[ শ্রীধরস্বামী। ]

মনসঃ কান্তমভীষ্টম্। শুচা শোকস্তামপহন্তীতি তথা তৎ। উত্তস্থে ব্যুত্থিতবানস্মি ॥ ১৯ ॥

[ দীপনী। ]

মহাপূরে মহাপ্রবাহে ইত্যর্থঃ ॥ ১৮—২১ ॥

[ চূর্ণিকা। ]

তত আনন্দমগ্নঃ সন্নাত্মানং পরঞ্চ নাপশ্যম্ ॥ ১৮ ॥
ততো ভগবতস্তদ্রূপম্ অপশ্যন্ সন্ সহসোত্থিতোঽস্মি ॥ ১৯ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

প্রেম্ণোঽতিভরেণ অত্যাধিক্যেন নির্ভিন্নানি অভিন্নানি পুলকযুক্তানি চ অঙ্গানি যস্য সঃ। প্রেমরূপাণ্যেব সর্ব্বাণ্যঙ্গানি তদানীমভূবন্নিত্যর্থঃ। যদ্বা নিঃশেষেণ ভিন্নানি বিদীর্ণানীব বোঢ়ুমসামর্থ্যাদেবেতি ভাবঃ। আনন্দসংপ্লবে লীনো লব্ধানন্দমূর্চ্ছ ইত্যর্থঃ। উভয়ম্ আত্মানং পরঞ্চ নাপশ্যম্ ॥ ১৮ ॥
পুনশ্চ সহসৈব তদ্রূপম্ অপশ্যন্ উত্তস্থে ব্যুত্থিতোঽস্মি। যথা প্রাপ্তচ্যুতনিধির্জনো দুর্ম্মনা ভবতি তথৈবেত্যর্থঃ ॥ ১৯ ॥

মহর্ষে! তখন প্রেমের অতিমাত্র আতিশয্যে আমার শরীরে পুলকোদ্গম হইল; আমার সুখের সীমা রহিল না; আমি আনন্দের মহাপ্রবাহে নিমগ্ন হইলাম,—আত্মপর কিছুই দেখিতে পাইলাম না ॥ ১৮ ॥

সহসা দেখিলাম, ভগবানের সেই যে শোকনাশন মনোরম রূপ, তাহা দৃষ্টিপথ হইতে অপসৃত হইয়াছে! হৃদয় ব্যাকুল হইয়া উঠিল; সেই ব্যাকুলতাবশে আমি দুর্ম্মনার ন্যায় উঠিয়া পড়িলাম ॥ ১৯ ॥

দিদৃক্ষুস্তদহং ভূয়ঃ প্রণিধায় মনো হৃদি।
বীক্ষমাণোঽপি নাপশ্যমবিতৃপ্ত ইবাতুরঃ॥ ২০॥
এবং যতন্তং বিজনে মামাহাগোচরো গিরাম্।
গম্ভীরশ্লক্ষ্ণয়া বাচা শুচঃ প্রশময়ন্নিব॥ ২১॥

অহং ভূয়ঃ তৎ দিদৃক্ষুঃ হৃদি মনঃ প্রণিধায় বীক্ষমাণঃ অপি ন অপশ্যম্, (ততঃ) অবিতৃপ্তঃ (অহম্) আতুরঃ ইব (অভবম্)॥ ২০॥

বিজনে এবং যতন্তং মাং গিরাম্ অগোচরঃ (ঈশ্বরঃ) গম্ভীরশ্লক্ষ্ণয়া বাচা শুচঃ প্রশময়ন্ ইব আহ॥ ২১॥

[শ্রীধরস্বামী।]

হৃদি মনঃ প্রণিধায় স্থিরীকৃত্য। অবিতৃপ্তোঽহম্ আতুর ইব অভবমিতি শেষঃ॥ ২০॥

গিরামগোচরঃ সংবেদনস্যাবিষয়ভূত ঈশ্বরঃ॥ ২১॥

---

[চূর্ণিকা।]

পুনস্তদ্রূপং পশ্যমানোঽপি নাপশ্যাম্॥ ২০॥

এবং বনে যতন্তং মাম্ আকাশবাগাহ॥ ২১॥

[শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।]

প্রণিধায় স্থিরীকৃত্য॥ ২০॥

গিরাম্ অগোচরঃ যতো বাচো নিবর্ত্তন্তে ইতি শ্রুতেঃ সর্ব্বৈরেব বচনগোচরী-কর্ত্তুমশক্যোঽপি ভগবান্ মাম্ আহ। স্বীয়বচনসৌস্বর্য্যং শ্রবণাভ্যাং মামনুভাবয়া-মাস। এবং নারদস্য বৈধভক্তিমত্ত্বাদ্ভগবৎসৌরভ্যসৌন্দর্য্যসৌস্বর্য্যাণাং ত্রয়াণামেব

অনন্তর সেই রূপ পুনর্ব্বার দেখিবার আকাঙ্ক্ষায় আমি মনকে আবার হৃদয়মধ্যে প্রণিহিত করিলাম; কিন্তু দেখিয়াও দেখিতে পাইলাম না। সুতরাং পরিতৃপ্তি লাভ করিতে না পারিয়া আতুরের ন্যায় হইয়া পড়িলাম॥ ২০॥

এইরূপে সেই বিজন বিপিনে ভগবানকে পুনর্ব্বার দেখি-বার জন্য যত্ন-পরায়ণ হইলে, বাক্যের অগোচর সেই পরম-পুরুষ গম্ভীর ও স্নেহময় মধুর বচনে আমার শোকের যেন সম্পূর্ণ শান্তিবিধান করিতে করিতেই, আমাকে কহিলেন॥ ২১॥

হন্তাস্মিন্ জন্মনি ভবান্ মা মা দ্রষ্টুমিহার্হতি।
অবিপক্ককষায়াণাং দুর্দ্দর্শোঽহং কুযোগিনাম্ ॥ ২২ ॥

হন্ত! ভবান্ অস্মিন্ জন্মনি ইহ (ভূলোকে) মা (মাং) দ্রষ্টুং মা অর্হতি। (যতঃ) অহম্ অবিপক্ককষায়াণাং কুযোগিনাং দুর্দ্দর্শঃ ॥ ২২ ॥

[ শ্রীধরস্বামী। ]

হন্তেতি সানুকম্পসম্বোধনে। মা ইতি মাং দ্রষ্টুং মা অর্হতি ন অর্হতি। যতোঽবিপক্কা অদগ্ধাঃ কষায়া মলাঃ কামাদয়ো যেষাং তেষাং কুযোগিনাম্ অনিষ্পন্নযোগানাম্ ॥ ২২ ॥

[ দীপনী। ]

কুযোগিনামিতি। কুশব্দোঽয়ম্ ঈষদর্থে ন তু কুৎসায়াম্। ঈষদ্‌যোগযুক্তানাং তৎকাল-যোগপ্রবৃত্তানামিত্যর্থঃ। যোগমার্গপ্রবৃত্তস্য কুৎসায়া অভাবাদিতি ব্যাখ্যালেশঃ ॥ ২২—২৫ ॥

[ চূর্ণিকা। ]

অস্মিন্ জন্মনি মাং দ্রষ্টুং নার্হসি ॥ ২২ ॥

[ শ্রীজীবগোস্বামী। ]

হন্তেতি। ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোঽপহা ইত্যুক্তত্বাৎ কষায়োঽত্র সাত্ত্বিকো বনবাসাদ্যাগ্রহঃ। বনং তু সাত্ত্বিকো বাসো গ্রামো রাজস উচ্যতে। তামসং দ্যূতসদনং মন্নিকেতন্তু নির্গুণমিত্যুক্তেঃ। উৎকণ্ঠাবর্দ্ধনার্থঞ্চেদম্ ॥ ২২ ॥

[ শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী। ]

